পুরুলিয়ায়
গীতাঞ্জলি
ফরেস্ট রিট্রিট
পাহাড় আর সবুজের
মাঝে এক অপরূপ
ডেস্টিনেশন

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দাম: ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই
নিকটবর্তী এজেন্টের সাথে
যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 30, Issue No.: 74 Thursday, 13 February, 2025 ✱ ৩০ বর্ষ, ৭৪ সংখ্যা ✱ ৩০ মাঘ ১৪৩১, বৃহস্পতিবার, ১৩ ফেব্রুয়ারি ২০২৫ ✱ আজ ৮ পাতা ✱ মূল্য– ৩ টাকা

বিএ কমিটির বৈঠকে বিরোধীদের অনুপস্থিতিতে উষ্মা মমতার, জবাব শুভেন্দুর

দুরন্ত বার্তা, কলকাতা, ১২ ফেব্রুয়ারিঃ বিধানসভায় বাজেট পেশের আগে কার্য উপদেষ্টা কমিটির (বিএ) বৈঠক। সেই বৈঠকে বিজেপির কোনও প্রতিনিধি নেই। এই নিয়ে উষ্মা প্রকাশ করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বুধবার বিজেপি প্রতিনিধিদের বৈঠকে অনুপস্থিতি নিয়ে মুখ্যমন্ত্রী বলেন, বিরোধীরা কেন এই বৈঠকে অনুপস্থিত থাকেন, তা তিনি বুঝতে পারছেন না। মুখ্যমন্ত্রীর মন্তব্যের জবাব দিয়েছেন বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। এদিন বাজেট অধিবেশনের আগে কার্য উপদেষ্টা কমিটির বৈঠক হয়। সেখানে শাসকদলের প্রতিনিধিরা ছাড়া আইএসএফের নওশাদ সিদ্দিকী উপস্থিত ছিলেন। কিন্তু, বিজেপির কেউ ছিলেন না। তা নিয়ে কার্য উপদেষ্টা কমিটির বৈঠকে মুখ্যমন্ত্রী বলেন, ''আমরা এই সব বৈঠকে সংসদে যোগ দিই। কিন্তু এখানে ওরা (বিরোধীরা) আসে না।'' তিনি আরও বলেন, ''এই ধরনের বৈঠকে উপস্থিত থাকা উচিত। এটাই সংসদীয় রাজনীতিতে রীতি। এখানকার বিরোধীরা এই ধরনের বৈঠকে আসে না কেন আমি বুঝতে পারি না।'' দীর্ঘদিন বাদে এই বৈঠকে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী। নানা বিষয় নিয়ে সেখানে আলোচনা হয়। বৈঠকের মাঝে নওশাদের সঙ্গেও কথা বলতে দেখা যায় মুখ্যমন্ত্রীকে। বিধানসভায় তৃণমূলের মুখ্য সচেতক নির্মল ঘোষকে মমতা নির্দেশ দেন, দলের নতুন বিধায়কদের আরও বেশি বলার সুযোগ দিতে হবে। বাজেট নিয়ে আলোচনার সময়সীমাও বেশ কিছুটা বাড়ানো হয়েছে। বিএ কমিটিতে বিরোধীদের না থাকা নিয়ে মমতার মন্তব্যের জবাব দেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তিনি বলেন, ''অশোক লাহিড়ীর নাম পিএসি চেয়ারম্যান হিসাবে আমরা দিয়েছিলাম। কিন্তু সেই নাম তো শোনা হয়নি। ফলে আমাদের যাওয়া বা না যাওয়ায় কোনও পার্থক্য হয় না।''

বাংলার বাড়ি, ডিএ থেকে ঘাটাল প্ল্যান, গঙ্গাসাগর সেতু

বাজেটে সব প্রান্তকে ছোঁয়ার চেষ্টা মমতার

দুরন্ত বার্তা, কলকাতা, ১২ ফেব্রুয়ারিঃ প্রতিকূলতা নেহাত কম নয়। রাজ্যের বিপুল প্রাপ্য মেটায়নি কেন্দ্র। ১০০ দিনের কাজ, বাংলার বাড়ির মতো প্রকল্পে কেন্দ্রীয় বরাদ্দ পুরোপুরি বন্ধ। অথচ রাজ্য থেকে প্রাপ্ত বিপুল করের টাকার ভাগ আগের মতোই দিতে হচ্ছে কেন্দ্রকে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বারবার বলেন, রাজ্যকে আর্থিকভাবে অবরুদ্ধ করা হচ্ছে। তবে এত প্রতিকূলতা সত্ত্বেও ছাব্বিশের ভোটের আগের শেষ পূর্ণাঙ্গ বাজেটে সাধ্যমতো রাজ্যের সব ইস্যুতে

আলোকপাত করার চেষ্টা করল তৃণমূল সরকার। এমনিতে রাজ্যের তৃণমূল সরকারের আমলে প্রায় শ'খানেক জনকল্যাণমুখী কর্মসূচি চলে। সেই প্রকল্পগুলি চালাতে নিতান্ত কম খরচ হয় না। কেন্দ্রীয় বঞ্চনা, জনকল্যাণমুখী প্রকল্পের খরচ সত্ত্বেও সুপরিকল্পিত বাজেটে, সীমিত ক্ষমতার মধ্যেও রাজ্যের সব প্রান্তের সব শ্রেণির মানুষকে কোনও না কোনওভাবে সুবিধা পাইয়ে দেওয়ার চেষ্টা করা হল। সরকারি কর্মী থেকে প্রান্তিক কৃষক, বন্যা রোধে পদক্ষেপ থেকে রাস্তাঘাটের উন্নয়ন। রাজ্যের যে যে প্রান্তে টুকটাক সমস্যা ছিল, সবটাই সমাধানের চেষ্টা করা হয়েছে বাজেটে। রাজ্য সরকারি কর্মীদের ডিএ বাড়ানোর দাবি দীর্ঘদিনের। মুখ্যমন্ত্রী আগেই প্রতিশ্রুতি দিয়েছিলেন, বাজেটে সাধ্যমতো সরকারি কর্মীদের ডিএ'র কথা ভাবা হবে। সেই মতো এবারের বাজেটে আরও ৪ শতাংশ ডিএ ঘোষণা করা হল। যদিও অনেকে প্রশ্ন তুলেছেন, রাজ্যের ডিএ বৃদ্ধি সত্ত্বেও কেন্দ্রের সঙ্গে ফারাকটা অনেকটাই। তবে এ প্রসঙ্গে মনে রাখা দরকার, দেশের অন্যান্য প্রান্তের তুলনায় রাজ্যের জীবনযাপনের খরচ অনেকটাই কম। তাছাড়া কেন্দ্রের পেনশন প্রকল্প এবং রাজ্যের পেনশন প্রকল্পের মধ্যেও আকাশ-পাতাল ফারাক। সব দিক বিবেচনা করলে ৪ শতাংশ ডিএ বৃদ্ধি নিতান্ত কম নয়। শুধু সরকারি কর্মীদের জন্য নয়, এই বাজেট সুখবর বয়ে এনেছে প্রান্তিক নাগরিকদের জন্যও। এবারের বাজেটে ১৬ লক্ষ নতুন বাংলার বাড়ি তৈরির জন্য বরাদ্দ ঘোষণা করেছে রাজ্য সরকার। সাম্প্রতিক কালে কলকাতার বেশ কিছু বহুতলে বাড়ি হেলে পড়া নিয়ে একটা সমস্যা দেখা গিয়েছে। ওই আবাসনগুলির বাসিন্দারাও এই বাংলার বাড়ি প্রকল্পের আওতায় আসবেন। গ্রামাঞ্চলের রাস্তাঘাটের উন্নয়নের জন্য গত কয়েক বছরে প্রায় ১৫ হাজার কোটি টাকা বরাদ্দ করেছে রাজ্য সরকার। এ বছর সেই বরাদ্দের পরিমাণ আরও দেড় হাজার কোটি টাকা বাড়ানো হয়েছে। চলতি বছর গত দেড় দশকের সবচেয়ে ভয়াবহ বন্যা পরিস্থিতির সম্মুখীন হয়েছে রাজ্য। সেই পরিস্থিতির পুনরাবৃত্তি যাতে না হয়, সেদিকেও নজর দেওয়া হয়েছে বাজেটে। ২০০ কোটি টাকা খরচে 'নদী বন্ধন' প্রকল্প ঘোষণা করা হয়েছে। বন্যা রোধে মাস্টারপ্ল্যান তৈরি হবে ওই প্রকল্পে। সঙ্গে হবে কর্মসংস্থানও। ঘাটালবাসীর দীর্ঘদিনের দুর্দশা ঘোচানোর উদ্যোগও দেখা গেল পঁচিশের রাজ্য বাজেটে। ঘাটাল মাস্টার প্ল্যানের জন্য আলাদা নতুন করে ৫০০ কোটি টাকা বরাদ্দ করল রাজ্য সরকার। এই প্রকল্পে ৩৪০ কোটি টাকা ইতিমধ্যেই খরচ করা হয়েছে। আগামী ৩ বছরে ওই প্রকল্পে বরাদ্দ আরও বাড়ানো হবে

বলে জানিয়েছেন অর্থমন্ত্রী। এছাড়া উত্তরবঙ্গের জন্য চা শিল্পে কৃষি আয়কর ছাড়ের সুবিধা চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। রাজ্যের আশা-অঙ্গনওয়াড়ি কর্মীদের মোবাইল ফোন দিতে ২০০ কোটি বরাদ্দ করা হয়েছে। সার্বিকভাবে দেখতে গেলে উত্তর থেকে দক্ষিণ, একেবারে প্রান্তিক থেকে চাকুরীজীবী, রাজ্যের সব প্রান্তের সব শ্রেণির মানুষকে কোনও না কোনওভাবে ছুঁয়ে যাওয়ার চেষ্টা হয়েছে এই বাজেটে। সীমিত ক্ষমতার মধ্যে পরিকাঠামোগত উন্নয়নও করা হয়েছে। বাজেটের পর সেভাবে ইস্যু না পেয়ে কর্মসংস্থানের দাবি তুলে ওয়াকআউট করতে বাধ্য হয়েছে বিজেপি। যদিও কর্মসংস্থানের দিকটিও নজর রাখা হয়েছে বাজেটে। মুখ্যমন্ত্রী জানিয়েছেন দেউচা-পচামি কয়লা প্রকল্পে এক লক্ষ কর্মসংস্থান হবে।

আমরা ভোট দেখে বাজেট করি না
কেন্দ্রকে খোঁচা মমতার

দুরন্ত বার্তা, কলকাতা, ১২ ফেব্রুয়ারিঃ রাজ্য বাজেটকে সামনে রেখে ফের কেন্দ্রকে আক্রমণ করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এদিন অর্থমন্ত্রীর বাজেট পেশের পর সাংবাদিক বৈঠক থেকে কেন্দ্রের বাজেটের প্রসঙ্গ টেনে মমতা বলেন, ''দুটো বাজেটকে পাশাপাশি রেখে দেখুন। ওরা অনেক প্রতিশ্রুতি দেয়, ভোট মিটলে সেগুলো করে না। আমরা ভোট দেখে বাজেট করি না। আমরা নিজেদের সীমিত ক্ষমতার মধ্যেও মানুষের জন্য সার্বিক উন্নয়নের কাজ করি।'' মুখ্যমন্ত্রী এও বলেন, ''আমাদের এই বাজেটে দিশা রয়েছে। মনে রাখবেন জন্ম থেকে মৃত্যু, মানুষের জন্য ৯৪টি প্রকল্প চালু রয়েছে বাংলায়।'' ১ ফেব্রুয়ারি কেন্দ্রের বাজেট পেশ হয়েছে। সামনে বিহারে বিধানসভা ভোট। সেদিকে লক্ষ্য রেখে এবারের বাজেটে সিংহভাগ প্রকল্প বিহারকে কেন্দ্র করে ঘোষণা করা হয়েছে বলে অভিযোগ। সাংবাদিক বৈঠকের শুরুতেই ওই প্রসঙ্গ টেনে মুখ্যমন্ত্রী বলেন, ''ভোটের আগে প্রতিশ্রুতি দেব, তারপর ভোট মিটলে আর মানুষকে চিনব না, আমরা কেন্দ্রের মতো নই। ভোটের লক্ষ্যে নয়, রাজ্যের সার্বিক উন্নয়নের স্বার্থেই বাজেট তৈরি করি। কেন্দ্রের বঞ্চনা সত্ত্বেও আবাস যোজনা, ১০০ দিনের কাজের মতো প্রকল্পগুলিকে চালু রেখে রাজ্যের প্রান্তিক মানুষের পাশে থাকার কথা জানিয়ে মুখ্যমন্ত্রী বলেন, ''জিএসটি থেকে সবটা তুলে নিয়ে যায়। আমাদের প্রাপ্য টাকাটুও দেয় না। তা সত্ত্বেও আমরা যথাসাধ্যভাবে বাংলাকে এগিয়ে নিয়ে যাচ্ছি। ঘাটাল মাস্টার প্ল্যান, নদী বন্ধন-সহ একাধিক প্রকল্পের জন্য এদিন আমরা নতুন করে বরাদ্দ করেছি।'' লক্ষ্মীর ভাণ্ডার প্রকল্পের প্রসঙ্গ টেনে মমতা বলেন, ''আমাদের প্রকল্প গুলি টুকলি করা হয়েছে। বিশেষ করে বিজেপি শাসিত জায়গায়। ওরা ভোটের কথা ভেবে এসব করে। তাও বিভিন্ন কনডিশন দেয়। আমরা কিন্তু এসব করি না। আমরা সর্বস্তরের মহিলাদেরই লক্ষ্মীর ভাণ্ডার দিয়ে থাকি।'' এর আগে বাজেট অধিবেশনে যখন রাজ্যপাল ভাষণ দিয়েছিলেন, সেখানে বিভিন্ন প্রকল্পে কেন্দ্রীয় বঞ্চনার উল্লেখ করেছিলেন তিনি। রাজ্যপাল যখন জল স্বপ্ন প্রকল্পের কথা বলছিলেন সেই সময় শুভেন্দু অধিকারী অভিযোগ করেন কেন্দ্রের জল জীবন মিশনের নাম বদলানো হয়েছে বাংলার প্রকল্পে। সেই অভিযোগের রেশ টেনে এদিন মমতা বন্দ্যোপাধ্যায় বাজেট শেষে সাংবাদিক বৈঠক করে বলেন, ''কেন দিল্লি একটা নাম চাপিয়ে দেবে, সেই চাপে প্রকল্পের নামকরণ করতে হবে? বাংলার কি ঐতিহ্য নষ্ট হয়ে যাবে? বাংলার কি নিজস্ব ভাষা নেই? নাকি বাংলার কোনও সংস্কৃতি নেই? আমরা তো এখানে হিন্দি, উর্দু, নেপালি, অলচিকি... সব ভাশাকেই সম্মান দিই। সব ভাষাকে স্বীকৃতি দিই।'' মুখ্যমন্ত্রী খোলসা করে বলেন, ''কেন আমরা জল স্বপ্ন কেন বলি? কারণ এটা বাংলা শব্দ। মিশনটা ইংরেজি শব্দ। যেখানে যেখানে দেওয়া সম্ভব সেখানে কোথাও কোথাও ব্যবহার করি। আমরা বাংলার বাড়ি কেন বলছি? কারণ এটার মধ্যে আমার রাজ্যের নাম যুক্ত থাকছে, প্লাস এটা সহজ কথা। যেটা গ্রামের মানুষ বুঝতে পারবে। কথার মধ্যেও বাঁধনি থাকে। কথা যত সহজ হবে সেখানে মানুষের কাছে তত তাড়াতাড়ি পৌঁছবে।'' মহাকুম্ভে ইতিমধ্যে একাধিক বড় দুর্ঘটনা ঘটে গেছে। অগ্নিকাণ্ডের ঘটনায় তো আতঙ্ক ছড়িয়েছিল, পদপিষ্টের ঘটনায় আলোড়ন সৃষ্টি হয়েছে। সরকারি তথ্য অনুযায়ী, ৩০ জনের মৃত্যু হয়েছিল সেই ঘটনায়। তবে সেই সংখ্যা আদৌ কতটা সত্যি তা নিয়েই কার্যত প্রশ্ন তুলে দিয়েছেন বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। প্রশ্ন তুললেন, ''কত মৃতদেহ নদীতে ভাসিয়ে দিয়েছে কে জানে?'' তিনি বলেন, ''কুম্ভমেলায় ভিআইপিদের জন্য এমন ব্যবস্থা করা হয়েছিল যে সাধারণ মানুষই যেতে পারছিল না। আর যারা গেছেন তাঁদের অনেক জনের মৃত্যু হয়েছে। আমি টিভিতে দেখেছি লক্ষ লক্ষ জুতো গাড়ি করে নিয়ে যাওয়া হচ্ছে। কত মৃতদেহ নদীতে ভাসিয়ে দিয়েছে আমি তো জানি না। আমি শুধু জানি, কোভিডের সময়ে অনেক মৃতদেহ বিহারে, বাংলায় মিলেছিল। সেগুলি ভাসিয়ে দেওয়া হয়েছিল।''

'আজ আমার দ্বিতীয় জন্মদিন', কংগ্রেসে ফিরেই বললেন প্রণবপুত্র

দুরন্ত বার্তা, কলকাতা, ১২ ফেব্রুয়ারিঃ 'অরাজনৈতিক ভুল কাজ করেছিলাম কংগ্রেসে ছেড়ে'। তৃণমূল ছেড়ে ফের কংগ্রেসে ফিরে বললেন প্রণবপুত্র। প্রসঙ্গত, একুশ সালের জুলাইয়ে তৃণমূলে যোগ দিয়েছিলেন অভিজিৎ মুখোপাধ্যায়। ৫ বছরের মাথায় এদিন দুপুর ১টা নাগাদ বিধান ভবনে হয়ে গেল তাঁর ঘরওয়াপসি। ছিলেন প্রদেশ সংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার, প্রবীণ কংগ্রেস নেতা প্রদীপ ভট্টাচার্য, বিধায়ক গুলাম আহমেদ মীর-সহ কংগ্রেসের একঝাঁক প্রথম সারির নেতা। হাত শিবিরে যোগ দিয়েই কংগ্রেসের ভূয়সী প্রশংসায় পঞ্চমুখ হলেন প্রণবপুত্র। বললেন, ''আমার আজ দ্বিতীয় জন্মদিন। কংগ্রেসে আসা সম্ভব হল সেনিয়া গান্ধিজি, রাহুল এবং প্রিয়াঙ্কা গান্ধিদের জন্য। কংগ্রেস ছাড়া ভারতবর্ষে সকলকে ধরে রেখে জাতি-ধর্ম-নির্বিশেষে আর কোনও দল আর নেই।'' পুরনো সতীর্থকে কাছে পেয়ে খুশি প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারও। তাঁর সাফ কথা, ''কংগ্রেস ছাড়া বিজেপির বিরুদ্ধে লড়াই করার কেউ নেই। অভিজিৎ মুখাপাধ্যায়ের কংগ্রেসে এসে সেটাই প্রমাণ করলেন।'' অভিজৎ বলছেন, ''আমায় যে কাজ দেওয়া হবে সেটা তো করবই। তাছাড়াও প্রত্যন্ত জায়গায় গিয়ে যাঁরা যাঁরা কংগ্রেস ছেড়ে অন্য দলে গিয়েছেন তাঁদের ফিরিয়ে আনার কাজ করব।'' যদিও এই দলবদলকে বিশেষ পাত্তা দিতে নারাজ তৃণমূল। এতে দলের কোনও ক্ষতিই হবে না বলে মনে করছেন জঙ্গিপুর সাংগঠনিক জেলা তৃণমূলের সহ-সভাপতি সুভাষ লালা। উল্টে খোঁচা দিয়েছেন অধীরদের। তাঁর কথায়, ''অধীর চৌধুরীর বিরুদ্ধে অভিযোগ তুলে দল ছেড়েছিলেন। কিন্তু, তৃণমূলে যোগদান করার পর তাঁকে খুব একটা সক্রিয় হতে দেখা যায়নি। হয়তো ভেবেছিলেন লোকসভায় টিকিট পাবেন!''

বাজেট পড়ার সময়ই বেরিয়ে গেলেন বিজেপি বিধায়করা, শুভেন্দু বললেন, 'অসত্য বাজেট'

দুরন্ত বার্তা, কলকাতা, ১২ ফেব্রুয়ারিঃ ২০২৬-এর নির্বাচনের আগে শেষ বাজেট তৃণমূল সরকারের। সেই বাজেট যখন ঘোষণা করছেন অর্থ প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য, সেই সময় বিধানসভা থেকে ওয়াক আউট বিজেপির। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে বিজেপি বিধায়করা ওয়াক আউট করেন বিধানসভা থেকে। তাঁদের বক্তব্য মহার্ঘ ভাতা আরও বাড়াতে হবে। এ দিন, চন্দ্রিমা যখন বাজেট পড়ছেন সেই সময় ওয়াকআউট করেন বিজেপি বিধায়করা। এরপর পকেট থেকে একটি চিরকুট বের করেন প্রত্যেকে। সেই চিরকুটে লেখা 'বেকারদের চাকরি চাই'। চিরকুটি দেখিয়ে বিধানসভার মূল ফটকে বিক্ষোভ প্রদর্শন তাঁরা। ডিএ-র পাশাপাশি বিজেপি বিধায়কদের বক্তব্য, গোটা বাজেটে কোথাও কর্মসংস্থানের কথা বলা হয়নি। পে কমিশনের কোনও উল্লেখ করা হয়নি। এ দিন, সাংবাদিকদের মুখোমুখি শুভেন্দু বলেন, ''এই সরকার দেউলিয়া হয়ে গেছে। ছত্রে-ছত্রে প্রমাণিত। এই বাজেট বেকার বিরোধী বাজেট। ২ কোটি ১৫ লক্ষ বেকার যুবক-যুবতীদের সঙ্গে বিশ্বাসঘাতকতা করা হয়েছে। যে মুখ্যমন্ত্রী ২০১১ সালে মঞ্চে দাঁড়িয়ে দাঁড়িয়ে চাকরির প্রতিশ্রুতি দিয়েছিলেন। এই বাজেটে একটিও কর্মসংস্থানের কথা নেই। এই বাজেট উত্তরবঙ্গ-সুন্দরবন-জঙ্গলমহল বিরোধী বাজেট। এই বাজেটে সমগ্র উত্তরবঙ্গে নদী ভাঙন, চা বাগানের উন্নয়ন, চা শ্রমিকদের পরিকল্পনা নিয়ে কিছু বলা নেই। এই বাজেট কৃষক বিরোধী বাজেট। তাঁদের কোনও অর্থ বরাদ্দ নেই। এই বাজেটে আমাদের পশ্চিমাঞ্চলের জেলাগুলির লোকজনকে নিয়ে কোনও প্রস্তাবনা নেই। এই বাজেটে কুর্মী, নমঃশূদ্রদের নিয়ে কোনও উল্লেখ নেই। মতুয়াদের জন্য একটা বাক্য খরচ হয়নি। এটা অসত্য বাজেট।''

কিছু নথি জমা দিতে চায়! ২৬ হাজার চাকরি বাতিল মামলায় হঠাৎ 'সুপ্রিম' দুয়ারে এসএসসি

নয়াদিল্লি, ১২ ফেব্রুয়ারিঃ যোগ্য-অযোগ্যদের পৃথকীকরণ কি সম্ভব? সোমবার সুপ্রিম কোর্টে সিবিআই এর উত্তরে 'হ্যাঁ' বললেও, সদুত্তর দিতে পারেনি এসএসসি। মামলার শুনানি আগেই শেষ হয়েছে। অপেক্ষা শুধু রায় ঘোষণার। এরই মধ্যে নতুন করে নথি জমা দিতে চেয়ে মামলা করল এসএসসি। ২৬ হাজার চাকরি বাতিল মামলায় ফের সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছে এসএসসি। উল্লেখ্য, পরেশ অধিকারীর মেয়ে অঙ্কিতা অধিকারীর চাকরি গিয়েছিল কলকাতা হাইকোর্টের রায়ে। সেই রায়কে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছিলেন তিনি। সেই শুনানির সময় বুধবার এসএসসি কোর্টের কাছে

আবেদন করে যে, ২৬ হাজার চাকরি বাতিল এই মামলায় তারা নতুন করে কিছু নথি জমা দিতে চায়। প্রাথমিকভাবে এই আবেদনে প্রধান বিচারপতি উষ্মা প্রকাশ করেন। তিনি বলেন যে, এই বিষয়ে দীর্ঘ শুনানি হয়েছে। নথি জমা দেওয়ারও সুযোগ দেওয়া হয়েছে। আবার নতুন করে কেন তারা নথি জমা দেবেন? কিন্তু তার মধ্যেও আগামী সোমবারের মধ্যে যাবতীয় নথি জমা দিতে নির্দেশ দেওয়া হয়েছে। প্রসঙ্গত, গত সোমবার ২৬ হাজার চাকরি বাতিলের মামলার শেষ শুনানি হয়। সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি সঞ্জীব খান্না ও বিচারপতি সঞ্জয় কুমারের বেঞ্চে প্রায় ২ ঘণ্টা শুনানি হয়। মামলার শুনানিতে সিবিআইয়ের আইনজীবী বলেছিলেন, ''নায়সা আমাদের জানায় যে কোনও ডেটা নেই। তারপর আমরা ডেটা স্ক্যানটেক থেকে ডেটা সংগ্রহ করি। এরপর আমরা পঙ্কজ বনশলের (নায়সার প্রাক্তন কর্তা) কাছ থেকে ডেটা সংগ্রহ করি। দুটো ডেটাকে মিলিয়ে দেখি।'' ডেটা স্ক্যানটেক (ওএমআর উত্তরপত্র স্ক্যানিংয়ে এই সংস্থা যুক্ত ছিল) থেকে পাওয়া হার্ডডিস্ক ও পঙ্কজ বনশলের কাছ থেকে পাওয়া ৩টি হার্ডডিস্কের হ্যাশ ভ্যালু মিলে গিয়েছে বলে সিবিআই আইনজীবী জানান। সিবিআইয়ের আইনজীবী আরও বলেন, ''এসএসসির কাছে যে ডেটা ছিল, তাতে কারসাজি হয়েছিল। আমাদের তদন্তে স্পষ্ট, পঙ্কজ বনশলের কাছে যে ডেটা রয়েছে, তাতে কারসাজি হয়নি।'' পঙ্কজ বনশলের কাছ থেকে পাওয়া ডেটার ভিত্তিতে যোগ্য-অযোগ্য পৃথকীকরণ সম্ভব বলে সিবিআইয়ের আইনজীবী সওয়াল করেন। শুনানিতে এসএসসি-র আইনজীবী জয়দীপ গুপ্ত জানালেন, যোগ্য-অযোগ্য পৃথকীকরণ করে রিপোর্ট দেওয়া হয়েছে। এদিন সুপ্রিম কোর্টে তিনি জানান, র‍্যাঙ্ক জাম্পিং ও আউট অব প্যানেল নিয়ে তাঁদের কাছে তথ্য রয়েছে। কিন্তু, ওএমআর মিসম্যাচ নিয়ে কোনও তথ্য নেই। এরপর আবার কী নথি জমা দেবে এসএসসি? সেই সদুত্তর মেলেনি।

পুলিশি তদন্তে প্রশ্ন, প্রয়োজনে বিভাগীয় তদন্ত হতে পারে, পর্যবেক্ষণ বিচারপতির

দুরন্ত বার্তা, কলকাতা, ১২ ফেব্রুয়ারিঃ পুলিশের ভূমিকায় বেজায় ক্ষুব্ধ হাইকোর্ট। তদন্তে গাফিলতিতে বিরক্ত বিচারপতি। প্রশ্ন তুললেন যোগ্যতা নিয়ে। পুলিশের তদন্ত দেখে বিচারপতি তীর্থঙ্কর ঘোষের স্পষ্ট মন্তব্য, এইসব অফিসারদের কলকাতা পুলিশে থাকার কোনও যোগ্যতা নেই। এদের জেলায় পাঠিয়ে দেওয়া উচিত। শুক্রবার কেস ডায়েরি-সহ তদন্তকারী অফিসারকে আদালতে হাজির হওয়ার নির্দেশ দিয়েছেন বিচারপতি। মূল ঘটনা আদপে গল্ফগ্রিনের। সূত্রের খবর, গত সেপ্টেম্বর মাসে বাড়ির সামনে পোষ্য কুকুরকে নিয়ে ঘুরছিলেন

স্থানীয় যুবক অভিনব সাহা। সেই সময় এলাকারই কিছু যুবকের সঙ্গে বচসা বাঁধে অভিনবের। কথা কাটাকাটি থেকে শেষ পর্যন্ত হাতাহাতিও হয়। সেই সময় অভিনবের মা ছেলেকে বাঁচাতে গেলে তিনিও শারীরিক নিগ্রহের শিকার হন বলে অভিযোগ। গুরুতর আহত অবস্থায় অভিনবকে হাসপাতালে ভর্তি করা হয়। ঘটনায় পুলিশ শোভন দত্ত, আদিত্য মণ্ডল নামে দুই যুবককে গ্রেফতার করে পুলিশ। পরে জামিনও পেয়ে যায়। এখানেই প্রশ্ন তুলছেন অভিনবের মা ভারতী সাহা। একাধিক হাসপাতালে চিকিৎসা চললেও শেষ পর্যন্ত প্যারালাইজড হয়ে যান অভিনব। ভারতী দেবীর দাবি, ছেলে যে প্যারালাইজড হয়েছে সেটা পুলিশ উল্লেখই করেনি। ওই নথি মামলায় যুক্ত না করায় অভিযুক্তদের সুবিধে পাইয়ে দেওয়ার সুযোগ রয়েছে বলে অভিযোগ ভারতী দেবীর আইনজীবীদের। এতেই বেজায় ক্ষুব্ধ বিচারপতি ঘোষ। আদালতের নির্দেশ, শুক্রবার কেস ডায়রি-সহ আইও-কে আদালতে হাজিরা দিতে হবে। তাঁকে এসে জানাতে হবে কোন সাক্ষী নিম্ন আদালতে মেডিক্যাল ডকুমেন্ট প্রডিউস করেছে? না হলে ওই তদন্তকারী অফিসারের বিরুদ্ধে ডিপার্টমেন্টাল প্রসিডিংসের নির্দেশ দেওয়া হবে। এমনটাই পর্যবেক্ষণ বিচারপতি তীর্থঙ্কর ঘোষের। সূত্রের খবর, ঘটনার পর প্রথমে আহত ওই যুবককে পরিবার একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করে। পরে অবস্থা আরও সঙ্কটজনক হওয়ায় তাঁকে অন্য হাসপাতালে স্থানান্তর করা হয়। ওই হাসপাতাল অভিনবের প্যারালাইজড হওয়ার কথা জানায়। অভিযোগ, পুলিশ প্রথম হাসপাতাল থেকে চিকিৎসার নথি সংগ্রহ করলেও দ্বিতীয় হাসপাতালের কোনো নথি সংগ্রহ করেনি। ফলে অভিযুক্তদের পুলিশ গ্রেফতার করলেও নিম্ন আদালত তাদের জামিন দিয়ে দেয়।

শেখ হাসিনার নির্দেশে কমপক্ষে ১৪০০ গুলিতে নিহত, রাষ্ট্রসংঘ রিপোর্ট

নিউ ইয়র্ক, ১২ ফেব্রুয়ারিঃ বঙ্গবন্ধুর কন্যা গণহত্যাকারী হিসেবে চিহ্নিত। রাষ্ট্রসংঘ মানবাধিকার কমিশন তাদের রিপোর্টে উল্লেখ করল, গতবছর (২০২৪) সালের জুলাই-আগস্ট মাসে বাংলাদেশের প্রধানমন্ত্রী থাকাকালীন শেখ হাসিনার নির্দেশে গণবিক্ষোভ দমনে গুলি করে হাজারের বেশি জনকে খুন করা হয়েছে। বাংলাদেশে গত জুলাই-অগাস্টে প্রায় ১৪০০ জনের মতো নিহত হয়েছেন। তাদের বেশিরভাগের মৃত্যু হয়েছে রাইফেল ও শটগানের গুলিতে। ওই সময় নিরাপত্তা বাহিনী ও গোয়েন্দা সংস্থাগুলোর সমন্বয়কাজে নেতৃত্ব দিয়েছেন তখনকার প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রী। তাদের নির্দেশেই বিক্ষোভ দমনে অতিরিক্ত বলপ্রয়োগ করেছে নিরাপত্তা সংস্থাগুলো। রাষ্ট্রসংঘ মানবাধিকার বিষয়ক হাইকমিশনার ভলকার টুর্ক জেনেভায় এই রিপোর্ট প্রকাশ করেন। রাষ্ট্রসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনার কার্যালয় তাদের তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেছে, বাংলাদেশে গত জুলাই-অগাস্টে প্রায় ১৪০০ জনের মতো নিহত হয়েছেন। তাদের বেশিরভাগের মৃত্যু হয়েছে

রাইফেল ও শটগানের গুলিতে। ওই সময় নিরাপত্তা বাহিনী ও গোয়েন্দা সংস্থাগুলোর সমন্বয়কাজে নেতৃত্ব দিয়েছেন তখনকার প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রী। তাদের নির্দেশেই বিক্ষোভ দমনে অতিরিক্ত বলপ্রয়োগ করেছে

নিরাপত্তা সংস্থাগুলো। রাষ্ট্রসংঘ মানবাধিকার রিপোর্টে বলা হয়েছে, হাজার হাজার মানুষ গুরুতর আহত হয়েছে। এছাড়া পুলিশ ও র‍্যাবের তথ্য অনুযায়ী ১১ হাজার ৭০০ জনকে তখন আটক করা হয়েছিলো। যারা নিহত হয়েছে তাদের মধ্যে ১২-১৩ শতাংশ শিশু। পুলিশ ও অন্য নিরাপত্তা বাহিনীর দ্বারা শিশুরা টার্গেট কিলিংয়ের শিকার হয়েছে ও পঙ্গু হয়েছে। উল্লেখ্য, সরকারি চাকরিতে কোটা নিয়মের সংস্কার চেয়ে ছাত্র-ছাত্রীদের আন্দোলন দমনে শেখ হাসিনার সরকার গুলি চালিয়েছিল এমনই অভিযোগ করেছিলেন নিহত আহতদের আত্মহনন। গণবিদ্রোহে গতবছর ৫ আগস্ট শেখ হাসিনা ক্ষমতাচ্যুত হন। তিনি বাংলাদেশ ছেড়ে ভারতে আশ্রিত। তবে ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের দাবি, এই রিপোর্ট একপেশে। শেখ হাসিনার পতনের পর বাংলাদেশের অন্তর্বর্তী সরকার গণবিক্ষোভের সময় গণহত্যা চালানোর অভিযোগেলে শেখ হাসিনাসহ তৎকালীন সরকারের মন্ত্রী নেতাদের বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে হত্যাসহ বিভিন্ন অপরাধের বিচার কার্যক্রম শুরু করেছে।

মাঘী পূর্ণিমার পুণ্যলগ্ন, গঙ্গাসাগরে আস্থার ডুব দিলেন লক্ষাধিক পুন্যার্থী

গঙ্গাসাগর, ১২ ফেব্রুয়ারি ঃ গঙ্গাসাগর মেলার পর আবারও পুণ্য লাভের আশায় দুরদূরান্ত থেকে পুণ্যার্থীরা এসে ভিড় জমিয়েছেন গঙ্গাসাগরে। মাঘী পুর্ণিমা উপলক্ষ্যে বুধবার সকাল থেকে শুরু হয়েছে পুণ্যস্নান। পুণ্যস্নানের পর কপিল মুনির আশ্রমে পুজো দিয়েছেন ভক্তরা। পুণ্যার্থীদের নিরাপত্তা দিতে ব্লক প্রশাসনের পক্ষ থেকে নামানো হয়েছে সিভিল ডিফেন্সের কর্মীদের। এছাড়াও জেলা প্রশাসনের পক্ষ থেকে নেওয়া হয়েছে একাধিক ব্যবস্থা। স্থলপথ ও জলপথে চলছে নজরদারি।পুণ্যস্থান ছেড়ে যাতে পুণ্যার্থীরা সুষ্ঠুভাবে বাড়ি ফিরতে পারে সেই দিকে নজর রেখেছে প্রশাসন। পুন্যার্থীদের আশা ও যাওয়ার সুবিধার্থে বাড়ানো হয়েছে বাস ও ভেসেল। এছাড়াও ২টি বার্জ চলছে মুড়িগঙ্গা নদীতে। জন জনস্বাস্থ্য কারিগরি দফতরের পক্ষ থেকে পানীয় জল ও ভ্রাম্যমান শৌচাগার তৈরী করা হয়েছে। মেলা চত্বরে অতিরিক্ত পুলিশেরও ব্যবস্থা করা হয়েছে। ১ এবং ৫, ও ৬ নম্বর স্নানের ঘাটে চলছে পুণ্যস্নান। আলোর রোশনায় সাজিয়ে তোলা হয়েছে কপিল মুনির আশ্রম। রয়েছে প্রায় ১৫টি সিসিটিভি ক্যামেরা, তিনটি যাত্রী নিবাস।হিন্দু ক্যালেন্ডারের মাঘ মাসে পূর্ণিমা হওয়ার দিনটিকে মাঘী পূর্ণিমা বলা হয়। এই দিনটি হিন্দু ও বৌদ্ধ উভয় ধর্মাবলম্বীই পালন করেন। মাঘী পূর্ণিমার বিশেষত্ব এই দিনে ঋষি ও সন্ন্যাসীরা এক মাস ব্যাপী বিরত থাকার সমাপ্তি ঘোষণা করেন। এই দিনে চাঁদের উপাসনা করা হয়। এই দিনে বুদ্ধ ও বিষ্ণু পূজা করা হয়। এই দিনে তীর্থ স্নান করা হয়। বিশ্বাস করা হয়, এই দিনে উপবাস ও প্রার্থনা করলে জীবনের সমস্ত উদ্বেগ দূর হয়। তাই দূরদূরান্ত থেকে পুণ্যার্থীরা এসে পুণ্য লাভের আশায় ডুব দিচ্ছে গঙ্গাসাগরে।

এএপি-র এবার চলে যাওয়ার সময়ঃ জ্যোতিরাদিত্য সিন্ধিয়া

নয়াদিল্লি, ১২ ফেব্রুয়ারি ঃ দিল্লিতে বিজেপির জয়ে খুশি ব্যক্ত করলেন কেন্দ্রীয় মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া। পাশাপাশি তিনি নিশানা করলেন আম আদমি পার্টি (এএপি)-কে। তিনি বলেন, এএপি-র এবার চলে যাওয়ার সময় হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে, বিজেপি দিল্লিতে সরকার গঠন করছে। দিল্লির মানুষ বিজেপিকে আশীর্বাদ করেছে। সম্পূর্ণ ফলাফল শীঘ্রই প্রকাশিত হবে।এদিকে বিজেপির সাংসদ বাঁশুরি স্বরাজও বিজেপির এই জয়ের প্রেক্ষিতে বলেন, আমরা এই ঐতিহাসিক জয়ের জন্য দিল্লির জনগণকে ধন্যবাদ জানাতে চাই। দিল্লিবাসীরা প্রধানমন্ত্রী মোদীর গ্যারান্টিতে তাদের আস্থা জানিয়েছে। আমাদের সমর্থন করার জন্য আমরা সকল মানুষকে ধন্যবাদ জানাতে চাই। আমরা তাদের বিশ্বাসের মর্যাদা রাখবো।

বিধানসভায় খোয়া গেল বিধায়কের মোবাইল, পরে পেলেন ফেরত

কলকাতা, ১২ ফেব্রুয়ারি ঃ বিধানসভার মধ্যে থেকে ফোন খুইয়েছিলেন তৃণমূল বিধায়ক হুমায়ুন কবীর। যদিও কয়েকঘন্টার মধ্যে সেই ফোন উদ্ধার হয়। জানা গেছে, গত মঙ্গলবার বাজেট অধিবেশনে যোগ দিতে হুমায়ুন কবীর বিধানসভাতে যান। বেশ কিছুক্ষণ লবিতে বসে নিজের কাজ করছিলেন তিনি। সেই সময়ে পাশেই রাখা ছিল তাঁর ফোনটি। ভুল করে তিনি ফোনটি সোফায় রেখে চলে যান। কিছুক্ষণ পর তা আর খুঁজে পাননি বিধায়ক। ফোন না পেয়ে মার্শালকে জানান তিনি।বিধায়ক জানিয়েছেন, সকাল ১১টায় নিয়মমাফিক ঘণ্টা বাজতেই অধিবেশন কক্ষে প্রবেশ করেন তিনি। কক্ষে গিয়েই তিনি দেখেন, তাঁর একটা ফোন হাতে ধরা, অন্য ফোনটি নেই। এরপর সোফায় সেটা খুঁজতে যান

স্বাস্থ্য ও শিক্ষার উন্নতির মাধ্যমে মানুষের জীবনে উন্নতিসাধন করতে পারে এআইঃপ্রধানমন্ত্রী

প্যারিস, ১২ ফেব্রুয়ারি ঃ স্বাস্থ্য, শিক্ষা, কৃষি ও আরও অনেক কিছুর উন্নতি করে লক্ষ লক্ষ মানুষের জীবন পরিবর্তন করতে সাহায্য করতে পারে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই)। জোর দিয়ে বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। গত মঙ্গলবার প্যারিসে অনুষ্ঠিত এআই সম্মেলনে প্রধানমন্ত্রী মোদী বলেছেন, এআই-চালিত ভবিষ্যতের জন্য আমাদের মানুষজনের দক্ষতা এবং পুনঃ দক্ষতায় বিনিয়োগ করতে হবে।ভারত-ফ্রান্স সম্পর্কের কথা তুলে ধরে প্রধানমন্ত্রী মোদী বলেছেন, ভারত ও ফ্রান্স সূর্যের শক্তিকে কাজে লাগাতে বছরের পর বছর ধরে একসঙ্গে কাজ করেছে। আমরা এআই-তে আমাদের অংশীদারিত্বকে

অগ্রসর করার সাথে সাথে এটি একটি স্মার্ট এবং দায়িত্বশীল ভবিষ্যত গঠনের জন্য সুস্থায়ী থেকে উদ্ভাবনের দিকে একটি স্বাভাবিক অগ্রগতি। একই সময়ে, সুস্থায়ী এআই মানে শুধু পরিষ্কার শক্তি ব্যবহার করা নয়। এআই মডেলগুলি অবশ্যই আকার, ডেটার চাহিদা এবং সংস্থানগুলির প্রয়োজনীয়তার ক্ষেত্রে দক্ষ এবং টেকসই হতে হবে।

অন্যদিকে নয়াদিল্লিতে বিকশিত ভারতের জন্য আগামী দুই দশক খুবই গুরুত্বপূর্ণ। জোর দিয়ে বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রীর কথায়, আগামী ৫ বছরে অনেক মাইলফলক অর্জন করতে চলেছি আমরা। গত মঙ্গলবার ভার্চুয়ালি ইন্ডিয়া এনার্জি সপ্তাহ ২০২৫-এর শুভ সূচনা করেছেন প্রধানমন্ত্রী মোদী।প্রধানমন্ত্রী মোদী জোর দিয়ে বলেছেন, বিশ্বের প্রতিটি বিশেষজ্ঞই বলছেন, একবিংশ শতাব্দী ভারতের। ভারত শুধুমাত্র নিজস্ব প্রবৃদ্ধিই চালাচ্ছে না, বরং বিশ্বের ও আমাদের এনার্জি সেক্টরের এতে গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। ভারতের এনার্জির উচ্চাকাঙ্ক্ষা ৫টি স্তম্ভের উপর দাঁড়িয়ে আছে। আমাদের সম্পদ, উজ্জ্বল মানসিকতা, অর্থনৈতিক শক্তি, রাজনৈতিক স্থিতিশীলতা, কৌশলগত ভূগোল এবং বৈশ্বিক সুস্থায়ীর প্রতিশ্রুতি রয়েছে। 'বিকশিত ভারত'-এর জন্য আগামী দুই দশক অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং আমরা আগামী ৫ বছরে অনেক মাইলফলক অর্জন করতে যাচ্ছি।প্রধানমন্ত্রী মোদী আরও বলেছেন, বিগত ১০ বছরে, ভারত পঞ্চম বৃহত্তম অর্থনীতিতে পরিণত হয়েছে এবং আমরা আমাদের সৌর উৎপাদন ক্ষমতা দ্বিগুণ করেছি। এখন ভারত তৃতীয় বৃহত্তম সৌর শক্তি উপাদনকারী দেশ। আমাদের অ-জীবাশ্ম জ্বালানী শক্তি তিনগুণ বেড়েছে। ভারত হল প্রথম দেশ, যারা প্যারিস জি-২০ চুক্তির লক্ষ্য পূরণ করেছে।

প্রধানমন্ত্রী মোদীর বন্ধু আমাদের দেশবাসীর সঙ্গে ক্রীতদাসের মতো আচরণ করছেঃখাড়গে

কালাবুরাগি, ১২ ফেব্রুয়ারি ঃ আমেরিকা থেকে অভিবাসী ভারতীয়দের নির্বাসন প্রসঙ্গে মুখ খুললেন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খা।গে। আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে প্রধানমন্ত্রী মোদীর বন্ধুত্ব নিয়ে প্রশ্ন তুলে খাড়গে বলেছেন, প্রধানমন্ত্রী মোদীর বন্ধু আমাদের দেশবাসীর সঙ্গে ক্রীতদাসের মতো আচরণ করছে।বুধবার সকালে কর্ণাটকের



কালাবুরাগিতে সাংবাদিকদের মুখোমুখি হয়ে খাড়গে বলেছেন, প্রধানমন্ত্রী মোদী সেখানে (আমেরিকা) গিয়েছেন, তিনি এটি নিয়ে কথা বলবেন। প্রধানমন্ত্রী মোদী বারবার বলছেন, তিনি যে কোনও সমাধান করতে পারেন, কারণ মার্কিন যুক্তরাষ্ট্র আমাদের বন্ধু। মানুষ আসে এবং যায় কিন্তু একটি দেশ স্থায়ী হয়..দেশের পক্ষে চিন্তা না করে, প্রধানমন্ত্রী মোদী বলতে থাকেন যে ট্রাম্প তাঁর বন্ধু।খাড়গে আরও বলেছেন, ট্রাম্প যদি সত্যিই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কথা শোনেন, তাহলে তাঁরা কেন আমাদের লোকদের নির্বাসন দিচ্ছেন? তাঁদের নিয়মিত যাত্রীবাহী ফ্লাইটে পাঠানোর পরিবর্তে, কেন তাঁদের পণ্যবাহী ফ্লাইটে পাঠানো হয়েছিল... এর মানে প্রধানমন্ত্রী মোদীর বন্ধু আমাদের লোকদের সঙ্গে ক্রীতদাসের মতো আচরণ করছে। তাঁদের ফিরিয়ে আনতে আমরা আমাদের ফ্লাইট পাঠাতে পারতাম বলে জানা যায়।

কনকনে ঠান্ডা উধাও উপত্যকায়, তুষারপাতের পর সেজে উঠল ডোডা

শ্রীনগর, ১২ ফেব্রুয়ারিঃ তাপমাত্রা বৃদ্ধি পেতেই কনকনে ঠান্ডা উধাও কাশ্মীর উপত্যকায়। বুধবারও শ্রীনগর-সহ ভূস্বর্গের বিভিন্ন স্থানে ঊর্ধ্বমুখী থাকল নূন্যতম তাপমাত্রা। শ্রীনগরে এদিন সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২.০ ডিগ্রি সেলসিয়াস, সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ১২.০ ডিগ্রি সেলসিয়াস। আবহাওয়া দফতর জানিয়েছে, কাশ্মীরের উঁচু পাহাড়ে আগামী কিছু দিনের মধ্যে তুষারপাত প্রত্যাশিত। বুধবারই নতুন করে তুষারপাত হয়েছে জম্মু ও কাশ্মীরের ডোডায়, ডোডা জেলার ভালেসায় তুষারপাতের পর পাহা। সেজে উঠেছে অপরূপ সৌন্দর্য্যে।উত্তর কাশ্মীরের কুপওয়ারা ও বারামুল্লা জেলার উঁচু পাহড়ে হালকা তুষারপাতের সম্ভাবনা রয়েছে। মধ্য কাশ্মীরের গান্ডেরবাল জেলাও তুষারপাত হতে পারে। উত্তর কাশ্মীরের কয়েকটি স্থানেও হালকা বৃষ্টিপাত প্রত্যাশিত। উত্তর কাশ্মীর ছাড়া কাশ্মীরের সমতল ভূমিতে আগামী কিছুদিনের মধ্যে কোনও উল্লেখযোগ্য আবহাওয়ার পরিবর্তন প্রত্যাশিত নয়।১৫-১৬ ফেব্রুয়ারি রাতে নতুন পশ্চিমী ঝঞ্ঝা এই অঞ্চলকে প্রভাবিত করতে পারে, বিশেষ করে উপত্যকার উঁচু অঞ্চলে। ওই সময়ে বৃষ্টি ও তুষারপাত প্রত্যাশিত, এরপর ১৮ ফেব্রুয়ারি পর্যন্ত কোনও বড় ধরনের আবহাওয়ার পরিবর্তন প্রত্যাশিত নয়। আবহাওয়া মূলত মনোরম থাকবে।

লখনউয়ের পিজিআই-তে চলছিল চিকিৎসা, আচার্য সত্যেন্দ্র দাস প্রয়াত

লখনউ, ১২ ফেব্রুয়ারি ঃ অযোধ্যার রাম মন্দিরের প্রধান পুরোহিত আচার্য সত্যেন্দ্র দাস প্রয়াত। বুধবার লখনউয়ের পিজিআই-তে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৫ বছর। তাঁর মৃত্যুর খবর নিশ্চিত করেছেন তাঁর এক শিষ্য প্রদীপ দাস। হাসপাতাল সূত্রে জানা গিয়েছে, ব্রেন স্ট্রোকে আক্রান্ত হয়ে তাঁর মৃত্যু হয়েছে। প্রদীপ জানিয়েছেন,

বৃহস্পতিবার অযোধ্যার সরযূ নদীর ধারে সত্যেন্দ্রর শেষকৃত্য সম্পন্ন হবে। আপাতত তাঁর মরদেহ লখনউ থেকে অযোধ্যায় নিয়ে যাওয়ার ব্যবস্থা করা হচ্ছে।গত রবিবার থেকে হাসপাতালেই চিকিৎসাধীন ছিলেন সত্যেন্দ্র।বুধবার ভোরে হাসপাতালের তরফ থেকে জানানো হয়, তাঁর অবস্থা সঙ্কটজনক। এর কিছুক্ষণ পরই তাঁর মৃত্যুর খবর প্রকাশ্যে আসে। হাসপাতালের বিবৃতিতে বলা হয়েছে, সত্যেন্দ্র ডায়াবেটিস এবং উচ্চ রক্তঃচাপে ভুগছিলেন।প্রসঙ্গত, দীর্ঘ সময় ধরে রাম মন্দিরের প্রধান পুরোহিতের দায়িত্ব সামলেছেন সত্যেন্দ্র। এই বছর 'রামলালার' প্রাণ প্রতিষ্ঠার প্রথম বর্ষপূর্তি অনুষ্ঠানেও তিনি উপস্থিত ছিলেন। তাঁর মৃত্যুতে শোকপ্রকাশ করেছেন উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। তিনি তাঁর এক্স হ্যান্ডলে লিখেছেন, রাম মন্দিরের প্রধান পুরোহিত আচার্য সত্যেন্দ্র দাসের মৃত্যু একটি অপূরণীয় ক্ষতি। আমি তাঁর আত্মার শান্তি কামনা করি।

মহাকুম্ভে সবকিছু সুষ্ঠুভাবে ব্যবস্থাপনা করেছেন যোগী জিঃহেমা মালিনী

নয়াদিল্লি, ১২ ফেব্রুয়ারি ঃ প্রয়াগরাজের মহাকুম্ভে ব্যবস্থাপনা নিয়ে খুশি ব্যক্ত করলেন প্রবীণ অভিনেত্রী তথা বিজেপি সাংসদ হেমা মালিনী। তাঁর মতে, মহাকুম্ভে সবকিছু সুষ্ঠুভাবে ব্যবস্থাপনা করেছেন যোগী জি। হেমা মালিনীর কথায়, একটি দুর্ঘটনা ঘটেছে, কিন্তু তার মানে এই নয় যে কুম্ভ ব্যর্থ হয়েছে।মঙ্গলবার সংসদ ভবন চত্বরে সাংবাদিকদের

মুখোমুখি হয়ে হেমা মালিনী বলেছেন, ২৬ ফেব্রুয়ারির আগে অনেকেই মহাকুম্ভে যাচ্ছেন। সবকিছু খুব সংগঠিত, সবাই এর প্রশংসা করছে।

দিল্লিবাসীরা এএপি-র ওপর অসন্তুষ্ট, বিজেপি জেতায় মন্তব্য জিতেন্দ্র সিংয়ের

নয়াদিল্লি, ১২ফেব্রুয়ারি ঃদিল্লিতে বিজেপির জয়ে খুশি ব্যক্ত করলেন কেন্দ্রীয় মন্ত্রী কেন্দ্রীয় মন্ত্রী জিতেন্দ্র সিং। একইসঙ্গে তিনি নিশানা করলেন আম আদমি পার্টি (এএপি)-কে।তিনি গত শনিবার সাংবাদিকদের বলেন, দিল্লির মানুষ এএপি-র বিরুদ্ধে তাদের অসন্তোষ প্রকাশ করেছে। এই অসন্তোষের প্রভাব পঞ্জাব এবং অন্যান্য রাজ্যেও দেখা যাবে বলে এদিন মতপ্রকাশ করেন কেন্দ্রীয় মন্ত্রী কেন্দ্রীয় মন্ত্রী জিতেন্দ্র সিং।

চার শতাংশ ডিএ বাড়ল রাজ্য সরকারি কর্মচারীদের, বাজেটে ঘোষণা চন্দ্রিমার

কলকাতা, ১২ ফেব্রুয়ারি ঃ প্রত্যাশা ছিলই, আর তা পূরণ করে দিলেন রাজ্যের অর্থ প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য। বুধবার বাজেট বক্তৃতায় সরকারি কর্মচারীদের জন্য চার শতাংশ মহার্ঘ ভাতা (ডিএ) ঘোষণা করলেন তিনি। এর ফলে তা বেড়ে দাঁড়াল ১৮ শতাংশ। চন্দ্রিমা জানিয়েছেন ১ এপ্রিল থেকে বর্ধিত হাতে ডিএ কার্যকর হবে।বুধবার বিকেলে বাজেট পেশ করার সময় রাজ্যের অর্থ প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য ঘোষণা করেছেন, সরকারি কর্মচারীদের জন্য চার শতাংশ মহার্ঘ ভাতা (ডিএ) বাড়ানো হবে। পাশাপাশি ৭০ হাজার আশা কর্মীদের স্মার্ট ফোন দেওয়া হবে বলেও জানিয়েছেন চন্দ্রিমা।

আলোচনাতেও জট কাটলো না, ম্যাকাউটে এখনও অচলাবস্থা কাটেনি

নদিয়া, ১২ ফেব্রুয়ারি ঃ নদিয়ার হরিণঘাটার মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি (ম্যাকাউট)-তে ছাত্রী মৃত্যুর পর দীর্ঘ সময় অতিক্রান্ত হলেও এখনও অচলাবস্থা কাটেনি। মূল গেটে তালা ঝুলিয়ে আন্দোলন অব্যাহত রেখেছে ছাত্র-ছাত্রীরা। আন্দোলনরত ছাত্র-ছাত্রীদের সঙ্গে আলোচনায় বসেও জট কাটলো না। ক্যাম্পাসের বুধবারের সমস্ত পরীক্ষা স্থগিত রাখা হয়।ছাত্রীর আত্মহত্যার ঘটনার পর বুধবার সকাল থেকেই

অচলাবস্থা রয়েছে ম্যাকাউটে। বিশ্ববিদ্যালয়ের গেটের ভিতরে শিক্ষক-অশিক্ষক কর্মী কিংবা পড়ুয়া, কাউকেই ঢুকতে দেওয়া হচ্ছে না। বুধবারের পরীক্ষা বাতিল করে দেওয়া হয়েছে। রেজিস্টারের পদত্যাগ-সহ একাধিক দাবিতে বিক্ষোভ চলছে ম্যাকাউটে।

লাভ জিহাদ-২ঃপশ্চিমবঙ্গে লাভ জিহাদের সঙ্গে লড়াই হোঁচট খাচ্ছে হরেক বাধায়

কলকাতা, ১২ ফেব্রুয়ারি ঃ অ্যাসিডে ফুসফুস পর্যন্ত ঝলসে গিয়েছিল মৌ রজকের (নাম পরিবর্তিত)। তবু সে যুঝে গিয়েছে এক সপ্তাহ। পুলিশের কাছে বয়ান দিয়েছে। কে অ্যাসিড ছুড়ে থাকতে পারে, তার চেহারার বর্ণনা হাসপাতালে শুয়েই সে দিয়েছিল পুলিশকে। চিকিসকদের সব চেষ্টা ব্যর্থ করে ২০১৯-এর মাঝ-অক্টোবরে আলো ফোটার আগেই কলকাতায় এনআরএসে মারা যায় নদিয়ার হাঁসখালিতে অ্যাসিডে আক্রান্ত মৌ।অধ্যাপক ডঃ রঞ্জন বন্দ্যোপাধ্যায় এই প্রতিবেদককে জানান, লাভ জিহাদের বিষয়টি নিয়ে কিন্ত প্রথম কেরালার খ্রিস্টান পাদ্রী সম্প্রদায় আওয়াজ তুলেছিল। লাভ জিহাদের বিরুদ্ধে লড়াই করতে গিয়ে শুধু হুমকি নয়, প্রাণ চলে গিয়েছিল নদীয়ার হাঁসখালির নবম শ্রেণীর ছাত্রী মৌ রজকের। সে চল্লিশ বছরের ওই বিবাহিত মুসলিম জেহাদির প্রেমের ছলনা থেকে বান্ধবীদের সতর্ক করেছিল। দুর্গাপূজার নবমীর দিন ভোর রাতে ঘুমন্ত অবস্থায় মৌ ও তাঁর মায়ের উপর অ্যাসিড ঢেলে দেয় ওই জেহাদি। কুড়ি দিন হাসপাতালে চিকিসার পর বাচ্চা মেয়েটি মারা যায়।দেশ জুড়ে কাযর্কর হয়ে যাওয়া দণ্ডবিধি (ন্যায় সংহিতা) নিয়ে প্রস্তাবের উপরে দ্বিতীয় ও শেষ দফার আলোচনায় গত ২ আগস্ট শাসক ও বিরোধীদের বিতর্কে ' লাভ জিহাদ' প্রতিরোধ আইনের দাবি তুলেছিলেন পশ্চিমবঙ্গের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। বিতর্কের শেষ পর্বের বক্তা হিসেবে বিরোধী দলনেতা এ ব্যাপারে দৃঢ় সওয়াল করেন।কিন্তু অর্থাভাব, সক্রিয় স্বেচ্ছাসেবীর স্বল্পতা, পুলিশের একাংশের সদিচ্ছার পরিকাঠামো-নানা সীমাবদ্ধতায় পশ্চিমবঙ্গে হোঁচট খাচ্ছে লাভ জিহাদের সঙ্গে ল।াই। লড়াকু যোদ্ধা হিসাবে গ্রামবাংলার নানা জায়গায় ছুটে বেড়াচ্ছেন ডঃ রঞ্জন বন্দ্যোপাধ্যায় ও তাঁর মত কিছু নিবেদিত প্রাণ। তাঁর কাছে বিশদ জানলেন এই প্রতিবেদক (শুক্রবারের কিস্তির পর)।প্রশ্ন- লাভ জিহাদের সঙ্গে লড়াইয়ে পুলিশের ভূমিকা কীরকম?উঃ- কিছু ক্ষেত্রে সহযোগিতা পাই। অনেক ক্ষেত্রেই পুলিশ যথেষ্ট সংখ্যায় মেলে না। ফলে আমরা সুফল পাইনা। আবার অনেক ক্ষেত্রে পুলিশ মোটেই তপর হয় না। সায়নী ঘোষ (নাম পরিবর্তিত) নামে এক কিশোরীকে ধর্ম পরিবর্তন করিয়ে বানানো হয় শবনম সিদ্দিকা। ওর পুত্র সন্তান জন্মের পরেই লাভ জিহাদি সাবির শেখ মুম্বই রওনা দেয়। সায়নীর উপর শুরু হয় শ্বশুর ও কাকার যৌন নির্যাতন। পালা করে ওঁরা ধর্ষণ শুরু করেন। মাস তিন ধরে সায়নী নানা ভাবে তাঁর বিধবা মা'র কাছে উদ্ধারের আবেদন জানান। ওঁকে দরজায় তালা মেরে রাখা হত।কালনা থানার আধিকারিকদের কাছে মেয়েটির মা দরখাস্ত করে মেয়েটিকে উদ্ধারের দাবি জানান। ফোনে লাউড স্পিকারে মেয়েটি তাঁর বক্তব্য জানান পুলিশ আধিকারিককে। তবু নতুন বি.এন.এস আইনের বাধ্যবাধকতা তুলে ওই পুলিশ আধিকারিক মেয়েটির মায়ের সঙ্গে একজন সিভিক বা ভিলেজ পুলিশ পাঠাতেও অস্বীকার করেন।আমি থানায় গিয়ে পুলিশকে বলি, ঠিক আছে, আপনাদের যাওয়ার দরকার নেই, আমরা তিরিশ জন তৈরি হয়েই এসেছি। হিন্দু মেয়ে আমি নিয়ে যাবো। তাতে যদি রক্তপাত হয়, হবে। এই কথা বলে আমি থানা থেকে বার হয়ে চারটি গাড়ি নিয়ে রওনা দিই। মহকুমা পুলিশ আধিকারিক ও অ্যাডিশনাল হেড কোয়ার্টারস্কেও জানানো হয়। এই হুমকিতেই কাজ হয়।এর পর এক গাড়ি পুলিশ আমাদের সঙ্গী হয়। রাস্তা থেকেও একটি টহলদার গাড়িও যোগ দেয়। মাত্র পনেরো মিনিটের অপারেশন সফল হয়। মুসলিম মহিলারা ঘিরে ফেলে পথ আটকানোর চেষ্টাও করে। কিন্ত পুলিশের সংখ্যা বেশি থাকায় সফল হয় নি।উদ্ধারের পর পুলিশ মাঝ রাস্তায় আমাদের বুদ্ধি দেয়, আপনারা যেখানে খুশি যান, থানায় যাওয়ার দরকার নেই। ইতিমধ্যেই বাইকে করে ওদের জনা পনেরো আমাদের ফলো করা শুরু করে দিয়েছে। আমরাও নন্দাইঘাট ব্রিজে গাড়িগুলো ও যাত্রীদের অদলবদল করে চারদিকে রওয়ানা দিলাম। আমি, সায়নী, ওর শিশু সন্তান (বলরাম নাম রাখবো) ও ওর মা 'কে নিয়ে বহরমপুর চলে আসি। পরদিন ওকে বহরমপুরের স্থানীয় ঠিকানা দিয়ে খোরপোষ, যৌন নির্যাতন, তালাক সহ সব অস্ত্র প্রয়োগ করা হয় বহরমপুর কোর্ট মারফত।

মানসিক তা থেকে কীভাবে পরিত্রাণ পাওয়া যায় সেটা গুরুত্বপূর্ণঃদীপিকা পাড়ুকোন

নয়াদিল্লি, ১২ ফেব্রুয়ারি ঃ বোর্ড পরীক্ষার আগে শিক্ষার্থীদের মনোবল বাড়াতে পরীক্ষা পে চর্চা অনুষ্ঠানের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের সঙ্গে মতবিনিময় করলেন অভিনেত্রী দীপিকা পাড়ুকোন। শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময়ের সময় দীপিকা বলেছেন, মানসিক চাপ হওয়া স্বাভাবিক ব্যাপার এবং এটি জীবনের একটি অংশ। আমরা কীভাবে তা নিয়ন্ত্রণ করবো, সেটা গুরুত্বপূর্ণ বিষয়। পরীক্ষা এবং ফলাফলের ক্ষেত্রে ধৈর্য থাকা গুরুত্বপূর্ণ, আমরা কেবল তাই করতে পারি যা আমাদের নিয়ন্ত্রণে থাকে, আমরা ভাল ঘুমাতে পারি, ভালভাবে হাইড্রেট করতে পারি, ব্যায়াম করতে পারি এবং ধ্যান করতে পারি।বুধবার পরীক্ষা পে চর্চা অনুষ্ঠানে ছাত্র-ছাত্রীদের সঙ্গে মতবিনিময়ের সময় দীপিকা বলেছেন, আমি খুব দুষ্টু শিশু ছিলাম। আমি সবসময়ই পাঠ্যক্রম বহির্ভূত কার্যকলাপে আগ্রহী ছিলাম। আমি ফ্যাশন, নাচ এবং খেলার দিনের জন্য খুব উদগ্রীব থাকতাম... আমি ভাগ্যবান যে আমার বাবা-মা ভালো নম্বরের জন্য আমাকে চাপ দেননি। আমি অভিভাবকদের বলতে চাই, নিজেদের সন্তানের সম্ভাবনাকে চিনতে হবে।

গুরু রবিদাস জয়ন্তীতে শ্রদ্ধা রাষ্ট্রপতির, শুভকামনা ধনখড় ও মোদীর

নয়াদিল্লি, ১২ ফেব্রুয়ারি ঃ গুরু রবিদাস জয়ন্তী উপলক্ষ্যে শ্রদ্ধাজ্ঞাপন করেছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। বুধবার এক্স বার্তায় রাষ্ট্রপতি এক বার্তায় জানান, রবিদাস মানব সেবাকে নিজের লক্ষ্য বানিয়েছিলেন। তিনি ধর্ম তথা জাতিগত ভেদাভেদ দূর করার জন্য কাজ করেছেন। তিনি গুরু রবিদাসজীর শিক্ষা অনুসরণ করে উন্নত দেশ গঠনে এগিয়ে যাওয়ার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানান।উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড় গুরু রবিদাস জয়ন্তী উপলক্ষে দেশবাসীকে শুভ কামনা জানান। এক্স বার্তায় তিনি লেখেন, মহান সন্ত কবি ও সমাজ সংস্কারক গুরু রবিদাসজী জাতিগত ভেদাভেদহীন সমাজের কল্পনা করেছিলেন। তাঁর আদর্শ আমাদের সামাজিক একতা ও সদর্থক দৃষ্টিভঙ্গী নিয়ে দেশ গঠনে প্রেরণা জোগায়।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সন্ত গুরু রবিদাসজীর জন্মজয়ন্তীতে তাঁর প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করেন। এক্স বার্তায় তিনি লেখেন, সেবা, সৌহার্দ্য এবং ভ্রাতৃত্ববোধের ভাবনা নিয়ে তাঁর বার্তা সমাজের পিছিয়ে পড়া ও দুর্বল শ্রেনীর জনগণের জন্য পথ প্রদর্শক হিসেবে কাজ করে। উল্লেখ্য, সন্ত রবিদাস জয়ন্তী বুধবার, সদগুরু রবিদাস ভারতের একজন মহান সন্ত, কবি, সমাজ সংস্কারক ও ঈশ্বরের অনুগামী ছিলেন।

ভারতীয় সঙ্গীতকে বিশ্বমঞ্চে নিয়ে গেছেন, চন্দ্রিকা ট্যান্ডনকে অভিনন্দন শাহর

নয়াদিল্লি, ১২ ফেব্রুয়ারি ঃভারতীয়-আমেরিকান ব্যক্তিত্ব চন্দ্রিকা ট্যান্ডন গ্র্যামি জিতেছেন। গত মঙ্গলবার তাঁর এই সাফল্যে অভিনন্দন জানালেন ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।অমিতবাবু গত সোমবার রাতে এক্সবার্তায় লিখেছেন, চন্দ্রিকা ট্যান্ডন জিকে তাঁর মাস্টারপিস মিউজিক অ্যালবাম, 'ত্রিবেণী'-র জন্য গ্র্যামি জেতায় অভিনন্দন। আপনি মানবতার আত্ম-আবিষ্কারের পথ হিসাবে ভারতীয় সঙ্গীতকে বিশ্বমঞ্চে নিয়ে গেছেন। এটি আপনার জন্য পরিপূর্ণতার দিন এবং আমাদের কাছে গর্ব ও আনন্দের দিন।সত্তর বছর বয়সি সঙ্গীতশিল্পী চ্যান্ট অ্যালবাম বিভাগে পুরস্কৃত হন। 'ত্রিবেণী' অ্যালবামের জন্য প্রথম গ্র্যামি জেতেন চন্দ্রিকা। এই বিভাগে মনোনয়ন ছিল রিকি কেজের ব্রেক অব ডন, রিউচি সাকামোতোর 'ওপাস', রবি শংকর কন্যা অনুষ্কার 'চ্যাপ্টার টুঃহাউ ডার্ক ইট ইজ বিফোর ডন' এবং রাধিকা ভেকারিয়ার ওয়ারিয়র্স অব লাইট'। গ্র্যামি জয়ী চন্দ্রিকাকে শুভেচ্ছা জানিয়েছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও।প্রসঙ্গত, চন্দ্রিকা কৃষ্ণমূর্তি ট্যান্ডন (জন্ম ১৯৫৪) একজন ভারতীয়-আমেরিকান ব্যবসায়ী, সমাজসেবী এবং সঙ্গীত শিল্পী। তিনি ম্যাককিনসে অ্যান্ড কোম্পানিতে নির্বাচিত প্রথম ভারতীয়-আমেরিকান মহিলা হিসেবে তাঁর ব্যবসায়িক উদ্যোগের জন্য পরিচিত। ২০১৫ সালে চন্দ্রিকা এবং তাঁর স্বামী রঞ্জন ট্যান্ডন, এনওয়াইইউ পলিটেকনিক স্কুল অফ ইঞ্জিনিয়ারিং-এ ১০০ মিলিয়ন ডলার দান করেন। প্রতিষ্ঠানটি এনওয়াইইউ ট্যান্ডন স্কুল অফ ইঞ্জিনিয়ারিং নামে পরিচিত। ওই পরিমাণ মার্কিন যুক্তরাষ্ট্রে কোনও ভারতীয় আমেরিকানের সবচেয়ে বড় অনুদান। ট্যান্ডন নিউ ইয়র্ক বিশ্ববিদ্যালয়, আমেরিকান ইন্ডিয়া ফাউন্ডেশনের ট্রাস্টি হিসেবে দায়িত্ব পালন করেছেন এবং ইয়েল বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক কার্যকলাপ বিষয়ক প্রেসিডেন্টের কাউন্সিল এবং বার্কলে কলেজ অফ মিউজিক-এ প্রেসিডেন্টের উপদেষ্টা পরিষদের সদস্য ছিলেন। তিনি নিউ ইয়র্ক একাডেমি অফ সায়েন্সেসের বোর্ড অফ গভর্নরস-এও রয়েছেন।

রাজ্যপালের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করলেন উত্তরাখণ্ডের ডিজিপি

দেরাদুন, ১২ ফেব্রুয়ারি ঃ উত্তরাখণ্ডের ডিজিপি দীপম শেঠ গত মঙ্গলবার রাজভবনে রাজ্যপাল লেফটেন্যান্ট জেনারেল গুরমিত সিং (অবসরপ্রাপ্ত)-এর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন।জানা গেছে,রাজ্যপাল রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে ডিজিপির থেকে বিস্তারিত তথ্য জানতে চান। এছাড়াও, রাজ্যের সাম্প্রতিক গুরুত্বপূর্ণ সমস্যা নিয়েও আলোচনা হয়।

গাজিয়াবাদে বাতিল সামগ্রীর গুদামে আগুন, আয়ত্তে আনল দমকল

গাজিয়াবাদ, ১২ ফেব্রুয়ারি ঃ উত্তর প্রদেশের গাজিয়াবাদে ভয়াবহ আগুন লাগল একটি বাতিল সামগ্রীর গুদামে। বুধবার ভোররাত ২.১০ মিনিট নাগাদ গাজিয়াবাদের ভোপুরার কাছে বাতিল সামগ্রীর গুদামে আগুন লাগে। আগুন লাগার কিছুক্ষণের মধ্যে গোটা গুদাম আগুনের লেলিহান শিখার কবলে চলে যায়। দমকলের ৯টি ইঞ্জিনের দীর্ঘ সময়ের চেষ্টার পর আগুন আয়ত্তে এসেছে। এই অগ্নিকাণ্ডে হতাহতের ঘটনা ঘটেনি।চিফ দমকল অফিসার রাহুল পাল বলেছেন, বুধবার ভোররাত ২.১০ মিনিট নাগাদ সাহিবাবাদ দমকল দফতরে জানানো হয়, ভোপুরার কাছে বাতিল সামগ্রীর গুদামে আগুন লেগেছে। কাঠ ও বাতিল সামগ্রী থাকার কারণে আগুন দ্রুত ছড়িয়ে পড়ে এবং দমকলকর্মীরা চারদিক থেকে আগুন নিয়ন্ত্রণ করতে শুরু করেন। আবাসিক এলাকার কাছাকাছি থাকার কারণে, ক্রমাগত পাম্পিং-সহ আগুন যাতে আরও ছড়িয়ে না পড়ে তার জন্য অতিরিক্ত ব্যবস্থা নেওয়া হয়েছিল।

মহাকুম্ভের ৩১-দিন, ত্রিবেণী সঙ্গমে পুণ্যস্নান ৪৬.২৫-কোটির বেশি ভক্তের

প্রয়াগরাজ, ১২ ফেব্রুয়ারি ঃ উত্তর প্রদেশের প্রয়াগরাজে বুধবার ৩১-তম দিনে পা।ল মহাকুম্ভ মেলা। গঙ্গা, যমুনা ও সরস্বতীর মিলনস্থল, ত্রিবেণী সঙ্গমে বুধবার পুণ্যস্নান করেছেন বিপুল সংখ্যক পুণ্যার্থীরা। মাঘী পূর্ণিমা উপলক্ষ্যে তৃতীয় অমৃত স্নান করেছেন ভক্তরা। এখনও পর্যন্ত মহাকুম্ভের সঙ্গমে পুণ্যস্নান করেছেন ৪৬.২৫ কোটির বেশি ভক্ত।উল্লেখ্য, গত ১৩ জানুয়ারি থেকে শুরু হওয়া কুম্ভমেলা চলবে আগামী ২৬ ফেব্রুয়ারি পর্যন্ত, টানা ৪৫ দিন ধরে। মহাকুম্ভে এই নিয়ে তিনটি অমৃতস্নান সম্পন্ন হয়েছে। পরবর্তী পুণ্যস্নান হবে আগামী ২৬ ফেব্রুয়ারি (মহা শিবরাত্রি)। মাঘী পূর্ণিমায় অমৃত স্নান উপলক্ষ্যে যাবতীয় ব্যবস্থা নেওয়া হয়েছিল। আকাশ থেকেও চলছিল নজরদারি।

পূর্ণাঙ্গ পঞ্জিকা

৩০মাঘ ১৪৩১ বঙ্গাব্দ, বৃহঃবার, ইংরেজীঃ১৩ফেব্রুয়ারী ২০২৫, ৫৩৮ চৈতনাব্দ, কলিঃ৫১২৫, সৌরঃ২৯ মাঘ, চান্দ্রঃ ৬ গোবিন্দ মাস, ১৯৪৬ শকাব্দ ২০৮১ বিক্রম সাম্ব, ২৫৬৮ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ২৮ মাঘ ১৪৩১, ভারতীয় সিভিলঃ২২ মাঘ ১৯৪৬, মৈতৈঃ৬ ফাইরেন, আসামঃ২৬ মাঘ, মুসলিমঃ৫-শা'বান-১৪৪৬ হিজরী।শীতলা ষষ্ঠী সূর্য উদয়ঃসকাল ০৬ঃ১৬ঃ৫০ এবং অস্তঃবিকাল ০৫ঃ২৩ঃ৫৯।চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ০৪ঃ০৮(৪) এবং অস্তঃরাত্রি ১১ঃ২৫ঃ২১(৪)।শুক্ল পক্ষ ।তিথিঃসপ্তমী (ভদ্রা) শেষ রাত্রি ঘ ০৫ঃ১৬ঃ৩৩ দং ৫৭৩০১২.৫ পর্যন্তনক্ষত্রঃঅশ্বিনী রাত্রিঃ১২ঃ৪৬ঃ১২ দং ৪৬১৪২০ পর্যন্ত পরে ভরণীকরণঃগর রাত্রিঃ ০৬ঃ২৭ঃ২৮ দং ৩০২৬২২.৫ পর্যন্ত পরে বণিজযোগঃশুভ শেষ রাত্রি ঘ ০৩ঃ০৬ঃ৫৭ দং ৫২৬১২.৫ পর্যন্ত পরে শুক্রঅমৃতযোগঃদিন ০৮ঃ৩০ঃ ২১ থেকে - ১০ঃ৪৩ঃ৪৭ পর্যন্ত, তারপর ১২ঃ৫৭ঃ১৩ থেকে - ০২ঃ ২৬ঃ১০ পর্যন্ত, তারপর ০৩ঃ১০ঃ ৩৯ থেকে - ০৪ঃ৩৯ঃ৩৬ পর্যন্ত এবং রাত্রি ০৫ঃ২৪ঃ০৪ থেকে - ০৬ঃ১৫ঃ৩৬ পর্যন্ত, তারপর ০৮ঃ ৫০ঃ১০ থেকে - ১১ঃ২৪ঃ৪৪ পর্যন্ত, তারপর ০১ঃ৫৯ঃ১৮ থেকে - ০৩ঃ৪২ঃ২১ পর্যন্ত।কুলিকবেলাঃ দিন ১২ঃ৫৭ঃ১৩ থেকে - ০১ঃ ৪১ঃ৪১ পর্যন্ত।কুলিকরাত্রিঃ১২ঃ ১৬ঃ১৬ থেকে - ০১ঃ০৭ঃ৪৭ পর্যন্ত।বারবেলাঃদিন ০৭ঃ৪০ঃ১৯ থেকে - ০৯ঃ০৩ঃ৪৩ পর্যন্ত। কালবেলাঃদিন ০১ঃ১৩ঃ৫৪ থেকে - ০২ঃ৩৭ঃ১৭ পর্যন্ত। কালরাত্রিঃ ০৭ঃ০০ঃ৪১ থেকে - ০৮ঃ৩৭ঃ১৭ পর্যন্ত।গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃ রবিঃ৯২২০৩৩ (২২) ৪ পদচন্দ্রঃ ০১৫৫০২১ (২) ১ পদমঙ্গলঃ ২২৬২২০ (৭) ২ পদবুধঃ ৯২১৫১৪৫ (২২) ৪ পদ বৃহস্পতিঃ১১৭৪২১৯ (৪) ৩ পদ শুক্রঃ১১৩৩৮১৮ (২৬) ১ পদ শনিঃ১০২০৪৪৩২ (২৫) ১ পদ রাহুঃ১১৭৪৩৪৩ (২৬) ২ পদকেতুঃ ৫৭৪৩৪৩ (১২) ৪ পদমঙ্গল বক্রি বৃহস্পতি বক্রি।লগ্নঃমকর রাশি সকাল ০৬ঃ৪৭ঃ২৭ পর্যন্ত। কুম্ভ রাশি সকাল ০৮ঃ২০ঃ৫০ পর্যন্ত। মীন রাশি সকাল ০৯ঃ৫১ঃ৫৪ পর্যন্ত। মেষ রাশি সকাল ১১ঃ৩২ঃ২৭ পর্যন্ত। বৃষ রাশি দুপুর ০১ঃ৩০ঃ৫২ পর্যন্ত। মিথুন রাশি দুপুর ০৩ঃ৪৪ঃ১০ পর্যন্ত। কর্কট রাশি বিকাল ০৫ঃ৫৯ঃ ৫৪ পর্যন্ত। সিংহ রাশি সন্ধ্যা ০৮ঃ ১১ঃ১৩ পর্যন্ত। কন্যা রাশি রাত্র ১০ঃ২১ঃ২৪ পর্যন্ত। তুলা রাশি রাত্রি ১২ঃ৩৫ঃ৩৫ পর্যন্ত। বৃশ্চিক রাশি শেষ রাত্রি ০২ঃ৫১ঃ২০ পর্যন্ত। ধনু রাশি শেষ রাত্রি ০৪ঃ৫৬ঃ৩৭ পর্যন্ত।

আবহাওয়া

কলকাতা-সহ সমগ্র দক্ষিণবঙ্গে ধীরে ধীরে বা।ছে তাপমাত্রার পারদ। ফেব্রুয়ারি মাস এখনও শেষ হয়নি, এরই মধ্যে উষ্ণ হয়ে উঠেছে দক্ষিণবঙ্গ। আগামী কিছু দিন একটু একটু করে তাপমাত্রা বা।বে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। শীতের আমেজ আর সেভাবে অনুভূত হবে না।বুধবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২১.৮ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ৪.১ ডিগ্রি বেশি। দু'দিন আগেও যতটুকু শীত অনুভূত হচ্ছিল, বুধবার সকালে আর শীত অনুভূত হয়নি। আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, আগামী দু'দিন তাপমাত্রার বিশেষ হেরফের হবে না। কিছু কিছু জেলায় কুয়াশাও থাকতে পারে।।জোয়ার-সকাল৯ টা ৫৫ মিনিট এবং রাত ১১টা ৫৫ মিনিট। ভাটা-সকাল ৯ টা ৫৫মনিট এবং রাত ২ টা ৫৫মিনিট। সূর্যঃউদয় সকাল ৬টা ১৪মিনিট এবং অস্ত ৫টা ২৯মিনিট

আচার্য সত্যেন্দ্র দাসের প্রয়াণে শ্রদ্ধাজ্ঞাপন সুকান্ত মজুমদারের

দুরন্ত বার্তা, কলকাতা, ১২ ফেব্রুয়ারি ঃ প্রয়াত অযোধ্যার রাম মন্দিরের প্রধান পুরোহিত আচার্য সত্যেন্দ্র দাস। বুধবার লখনউয়ের পিজিআই-তে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৫ বছর। তাঁর মৃত্যুতে শোকপ্রকাশ করেছেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। তিনি সোশ্যাল মিডিয়ায় লেখেন, পরম রামভক্ত, অযোধ্যা শ্রী রাম জন্মভূমি মন্দিরের মুখ্য পূজারী আচার্য্য সত্যেন্দ্র দাস মহারাজের আকস্মিক প্রয়াণে আমি মর্মাহত। মর্যাদা পুরুষোত্তম ভগবান শ্রী রামচন্দ্রের কাছে তাঁর বিদেহী আত্মার শান্তি প্রার্থনা করি। তাঁর শোকসন্তপ্ত শিষ্যমণ্ডলী এবং অনুরাগীদের সমবেদনা জানাই। মহন্তজীর প্রয়াণে আধ্যাত্মিক জগতের অপূরণীয় ক্ষতি হয়ে গেল। আমি তাঁর উদ্দেশ্যে বিনম্র শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করছি।

রায়মঙ্গল নদীতে ধরা পড়ল ৭৫ কেজি ওজনের শঙ্কর মাছ!

দুরন্ত বার্তা, বসিরহাট, ১২ ফেব্রুয়ারি ঃ মৎস্যজীবীর জালে ধরা পড়ল ৭৫ কিলোগ্রাম ওজনের শঙ্কর মাছ! বুধবার উত্তর ২৪ পরগনার বসিরহাট মহকুমার হিঙ্গলগঞ্জ ব্লকের সুন্দরবনের রায়মঙ্গল নদী থেকে ধরা পড়েছে মাছটি। মৎস্যজীবী প্রদীপ হালদারের জালে ধরা পড়ে এই বিশাল আকারের শঙ্কর মাছ। গত তিনদিন আগেও একটি বড় শঙ্কর মাছ ধরা পড়েছিল রায়মঙ্গল নদী থেকে। কিন্তু এদিনের মাছটির মতো ছিল না সেটি। এই ধরনের মাছ দেখে সকলেই হতবাক। মৎস্যজীবী প্রদীপ হালদার শঙ্কর মাছটি নিয়ে গিয়েছিলেন বাঁকড়া মৎস্য বাজারে। সেখানে মাছটিকে দেখতে রীতিমতো ভিড় জমে যায়। ৩০ হাজার টাকায় বিক্রি হয়েছে শঙ্কর মাছটি।

শিয়ালদহে লোকাল ট্রেনে আগুনের ফুলকি! প্রভাব পড়েনি পরিষেবায়

দুরন্ত বার্তা, কলকাতা, ১২ ফেব্রুয়ারি ঃ ঘড়ির কাঁটায় ভোর তখন ৪.০৮ মিনিট। শিয়ালদহ স্টেশনের ৫ নম্বর প্ল্যাটফর্মে দাঁড়িয়ে একটি খালি লোকাল ট্রেন। যাত্রার জন্য প্রস্তুতি নিচ্ছে। তখনই আচমকা আগুন! আতঙ্কিত হয়ে পড়েন রেলকর্মীরা। জানা গিয়েছে, ওই লোকালের প্রথম কামরার উপরের প্যান্টোগ্রাফ, ওভারহেডের তারে স্পর্শ করতেই আগুনের ফুলকি দেখা যায়। সঙ্গে সঙ্গে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে দেওয়া হয়। যদিও কামরায় কোনও যাত্রী ছিলেন না। ৪টে ১১ মিনিটে ওই রেকটিকে কারসেডে নিয়ে যাওয়া হয়। তার বদলে নতুন রেক নিয়ে আসা হয়। কোনও ট্রেন বাতিল হয়নি। পরিষেবাও স্বাভাবিক ছিল বলে জানিয়েছে রেল। অনুমান, প্যান্টোগ্রাফ ও ওভারহেডের মাঝে কোনও পাখি বসেছিল। তার ফলে এই ঘটনা ঘটে।

ত্রিবেণীতে কুম্ভমেলা, মাঘী পূর্ণিমায় শাহি স্নান পুণ্যার্থীদের

দুরন্ত বার্তা, হুগলি, ১২ ফেব্রুয়ারি ঃ হুগলি জেলার ঐতিহ্যবাহী ত্রিবেণীতে শুরু হয়েছে কুম্ভমেলা। বহু ভক্ত সমাগম হয়েছে সেখানে। বিভিন্ন মঠের মহারাজ ও সাধুসন্তরা কুম্ভস্নান করতে ত্রিবেণীতে আসতে শুরু করেন মঙ্গলবার থেকেই। মাঘী পূর্ণিমার পুণ্যলগ্নে বুধবার ভোর থেকেই শাহী স্নান করেন বিপুল সংখ্যক পুণ্যার্থীরা। ত্রিবেণী তিন দিন ধরে চলবে এই মহোসব। ত্রিবেণী কুম্ভমেলার চতুর্থ বর্ষের সূচনা হয়েছে মঙ্গলবার। এখানে আয়োজন করা হয়েছে নগরকীর্তন, শক্তিপীঠ পরিক্রমা, রুদ্র অভিষেক, রুদ্র মহাযজ্ঞ, শিব সহস্র নাম, সাধু প্রবচন ও ধর্মসভার। সপ্তর্ষি ঘাটে সন্ধেয় হবে গঙ্গা আরতি ও সাংস্কৃতিক অনুষ্ঠান। নাগা সাধুদের আখড়াও হয়েছে ত্রিবেণীতে।

ফের সক্রিয় ইডি, রেশন দুর্নীতি মামলায় হাওড়ার হানা

দুরন্ত বার্তা, হাওড়া, ১২ ফেব্রুয়ারি ঃ রেশন দুর্নীতি মামলায় আবারও তপর প্রবর্তন নির্দেশালয় (ইডি)। এই দুর্নীতি মামলার তদন্তে বুধবার সকাল থেকে তল্লাশি অভিযানে নেমে পড়েছেন ইডি-র আধিকারিকেরা। হাওড়ার অন্তত তিন জায়গায় হানা দিয়েছেন তাঁরা। নজরে রয়েছে ব্যবসায়ীদের বাড়ি এবং গুদামও। বুধবার সকালে ইডি-র একাধিক দল বেরিয়ে পড়ে কলকাতার দফতর থেকে। সকাল সকালই তাদের একটি দল পৌঁছে যায় হাওড়ার জগবল্লভপুরের দক্ষিণ সন্তোষপুরে কৃষ্ণপদ মাল নামে এক ধান ব্যবসায়ীর বাড়িতে। অন্য একটি দল হানা দেয় তাঁর গুদামেও। এছাড়াও, হাওড়ার একটি সমবায় সমিতিতেও চলছে ইডি-র অভিযান। আবার হাওড়ার শ্যামপুরের সসাটিতে ব্যবসায়ী পার্থেন্দু জানার বানিতেও তল্লাশি অভিযান চলছে বলে খবর।

বিজেপির দিল্লি জয়ের নেপথ্য কারিগর আরএসএস

শুভঙ্কর দাস ঃ আয়তনের নিরিখে ছোট ও মর্যাদার মানদণ্ডে আধা রাজ্য হলেও দিল্লির গুরুত্ব অপরিসীম। ক্ষমতার কেন্দ্রে বিরাজ করার জন্য সর্বদা প্রচারের আলোয় থাকা দিল্লিকে জয় করাটা সর্বদাই জটিল। দিল্লিতে শেষবার যখন বিজেপি ক্ষমতায় ছিল তখন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর নাম জ্যোতি বসু। তৃণমূল কংগ্রেস তখন রাজনীতির আঙিনায় সদ্যোজাত। গত ২৭ বছরে বহু চেষ্টা করেও দিল্লিকে জয় করতে পারেনি বিজেপি। অথচ দিল্লির ভৌগলিক অবস্থান উত্তর ভারত। সেই উত্তর ভারত যা বিজেপির শক্তিশালী রাজনৈতিক গড় বলে পরিচিত। কিন্তু মদনলাল খুরানা, বিজয় কুমার মালহোত্রার মতো দিল্লির আঞ্চলিক বিজেপি নেতারা বারেবারে পর্যদুস্ত হয়েছে কংগ্রেসের শীলা দীক্ষিতের কাছে। এমনকি সুষমা স্বরাজ, অরুণ জেটলির মতো জাতীয়স্তরে সফল রাজনীতিবিদরা দাগ কাটতে পারেনি দিল্লির রাজনীতিতে। প্রথম দিকে রাজনৈতিক মহল মনে করত দলের অভ্যন্তরে অন্তকূলহের কারণে কংগ্রেসের কাছে হেরেছিল বিজেপি। পরবর্তী সময়ে মনে করা হতো শীলা দীক্ষিতের রাজনৈতিক দক্ষতা ও কংগ্রেসের সাংগঠনিক শক্তির সামনে দাঁড়াতে পারেনি বিজেপি। কংগ্রেস নেতৃত্বাধীন দ্বিতীয় ইউপিএ জমানায় একের পর এক দুর্নীতি অভিযোগকে হাতিয়ার করে নিজের দিকে সমর্থন আদায় করে নিতে সক্ষম হয় অরবিন্দ কেজরিওয়ালের আম আদমি পার্টি। এর আগের বিধানসভা নির্বাচনে চিকিৎসক ডাঃ হর্ষবর্ধনকে সামনে রেখেও ভোটের ময়দানে কল্কে পায়নি বিজেপি। ফলে এ বার নিঃসন্দেহে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর রাজনৈতিক জীবনে এই জয় চিরস্মরণীয় হয়ে থাকবে। অন্যদিকে ২০১৪ থেকে এখনও পর্যন্ত গোটা দেশে দলের প্রসারে সফল হয়েছে বিজেপি। কিন্তু ঘরের কাছে দিল্লি জয় অধরা থাকার কারণে একটা আফসোস তো ছিল। অবশেষে তা দূর হল। বিজেপির এ বারের জয়ের ভিত্তি গড়ে দিয়েছিল আরএসএস। হিন্দুত্ব ও জাতীয়তাবাদের চেনা বৃত্ত থেকে বেরিয়ে আরএসএসের স্বয়ংসেবকেরা দিল্লির ভেঙে পড়া সরকারী পরিষেবা, আর্থিক বঞ্চনা এবং আপ সরকারের দুর্নীতি জনগণের কাছে তুলে ধরেছে। গোটা দিল্লিজুড়ে চার লক্ষের বেশি ড্রয়িংরুম বৈঠক জনগণের সঙ্গে করেছে আরএসএস। দিল্লির ১১২৩টি বস্তিতে বিধানসভা নির্বাচনের অনেক আগে থেকেই প্রচার চালিয়ে গেছে স্বয়ংসেবকেরা। দিল্লির বেহাল নিকাশি ব্যবস্থা, পরিশোধিত পানীয় জলের অভাব, বিদ্যুৎ, বস্তিগুলোর বেহাল পরিকাঠামো, বায়ু দূষণ, দূষিত হয়ে যাওয়া যমুনা, বেহাল স্বাস্থ্য পরিষেবা আরএসএসের প্রচারে প্রাধান্য পেয়েছে। অরবিন্দ কেজরিওয়ালের বিলাসিতায় পূর্ণ জীবনের ছবি সফল ভাবে জনগণের কাছে তুলে ধরতে পেরেছে আরএসএস। উল্লেখ করা যেতে পারে দিল্লির বস্তি অঞ্চল হচ্ছে আপের গুরুত্বপূর্ণ ভোটব্যাঙ্ক। এর আগের বিধানসভা নির্বাচনে এই অঞ্চলগুলোর থেকেই বিপুল ভোট পেয়েছিলেন অরবিন্দ কেজরিওয়াল। সেখানেই এ বার শুরু থেকেই সম্পর্ক, প্রবাস ও প্রচার এই তিন লক্ষ্যকে পাথেয় করে কাজ করে গিয়েছে স্বয়ংসেবকেরা। আপ আদতে দুর্নীতিতে মত্ত। আপ যে আপদ। সেটা বিভিন্ন বুথস্তরের প্রচারে তুলে ধরতে সক্ষম হয়েছে আরএসএস। শিক্ষা প্রতিষ্ঠান, বাজার, কার্যালয় সহ জনগণের জীবনের প্রতিটি ক্ষেত্রে দক্ষতার সঙ্গে কাজ করেছে স্বয়ংসেবকেরা। এ ছাড়াও ভারতীয় মজদুর সংঘ, সেবা ভারতী মতো সংগঠনগুলো প্রচারের কাজ করে গিয়েছে। অন্যদিকে লোকসভা নির্বাচনের পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্ব নিয়ে যে প্রশ্নচিহ্ন দেখা দিয়েছিল, তা বিজেপির দিল্লির জয়ের পর মলিন হয়ে গেলো। লোকসভা নির্বাচনে কংগ্রেস নেতৃত্বাধীন ইন্ডিয়া জোট যে ভাবে বিজেপির অজেয় ভাবমূর্তিকে টক্কর দিয়েছিল তাতে মনে করা হচ্ছিল মোদী জমানার পতন শুরু হয়ে গিয়েছে। কিন্তু গত কয়েক মাসের মধ্যে মহারাষ্ট্র, হরিয়ানা ও দিল্লি জয় করে আবার জনসমর্থনের হওয়া নিজেদের দিকে করতে সক্ষম হয়েছে বিজেপি। গেরুয়া শিবিরের এই সাফল্যের পেছনে আরএসএসের অনবদ্য অবদান রয়েছে। অন্যদিকে কংগ্রেস ২০১৪ পর থেকে লোকসভা ও বিধানসভা নির্বাচন মিলিয়ে দিল্লির থেকে শুধু শূন্যই পেয়েছে। ফলে তার রাজনৈতিক গ্রহণযোগ্যতা নিয়ে উঠে গিয়েছে প্রশ্ন। রাজ্যগুলোর বিধানসভা নির্বাচনগুলোতে ভাল ফল করতে না পারলে তার নেতিবাচক প্রভাব দলের আগামী লোকসভা নির্বাচনে ফলে পড়তে বাধ্য সেটা রাহুল গান্ধী কবে বুঝবেন। লোকসভা ছাড়াও প্রতিটি রাজ্যে ইন্ডিয়া জোট ঐক্যবদ্ধ ভাবে প্রার্থী না দিলে আগামীতে বিজেপিকে রোখা মুশকিল। কারণ বিজেপির আরএসএস রয়েছে। কিন্তু কংগ্রেসের এমন কেউ নেই। ফলে একেবারের বুথস্তর থেকে মানুষের পাশে থেকে প্রচার না করলে এবং জোটধর্মপালন না করলে দৃষ্টান্তমূলক রাজনৈতিক সাফল্য আগামীতে কংগ্রেস পাবে না।

যোগী প্রশাসনের অপদার্থতার নজির

সমীর দাস ঃ যোগীপ্রশাসনের অপদার্থতা কোন পর্যায়ে পৌঁছেছে তার হাতেনাতে প্রমাণ মিলল আবারও। অবিশ্বাস্য মনে হলেও সত্যি, প্রয়াগরাজে মহাকুম্ভের পথে রেকর্ড গড়ল যানজট। টানা ৩০০কিমি ধরে ট্রাফিক জ্যাম, ভাবা যায়? গাড়ি-বাস-ট্রাক সহ নানা মাপের যানবাহনের দীর্ঘসারি যেন মিশে গিয়েছে দিগন্তে। মনে হতে পারে অন্তবিহীন সরিসৃপ। তথ্যবিশেষজ্ঞদের মতে, বিশ্বের বৃহত্তম যানজটের সাক্ষী হল যোগীরাজ্য। বিধ্বস্ত তীর্থযাত্রীদের জটলা থেকেও ভেসে আসছে একই মন্তব্য। শুরুটা অবশ্য বসন্ত পঞ্চমী থেকেই। এই ভয়াবহ যানজটের জন্য স্বাভাবিকভাবেই অভিযোগের আঙুল উঠেছে যোগী সরকারের অপদার্থতার দিকে।ভুক্তভোগীরা জানাচ্ছেন, অনেকেই আটকে রয়েছেন ৪৮ ঘন্টা ধরে। কারও বা অভিজ্ঞতা, ৫০ কিমি পার হতে লেগেছে ১২ ঘন্টা। বারাণসী, কানপুর, লখনউ ছাড়াও প্রভাব পড়েছে পাশের রাজ্য মধ্যপ্রদেশেও। প্রশ্ন উঠেছে, মহাকুম্ভে কোটি মানুষের ভিড়ের সম্ভাবনার কথা কি

উত্তরপ্রদেশের গেরুয়া প্রশাসনের অজানা ছিল? হর্ন-চিকারের মাঝে ঘন্টার পর ঘন্টা ধরে ক্লান্ত-শ্রান্ত পুণ্যার্থীদের করুণ অবস্থা চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিল মহাকুম্ভ সামলানোর মতো পরিকাঠামো বা পারদর্শীতা কোনওটাই নেই ডবল ইঞ্জিন সরকারের। সবচেয়ে আশ্চর্যজনক বিষয়, যানজট সামলে তীর্থযাত্রীদের প্রয়াগরাজে পৌঁছানোর পথ পরিষ্কার না করে পুলিশ বলছে, আর এগবেন না । বাড়ি ফিরে যান। কয়েকদফার আগুন, পদপিষ্ট হওয়ার ঘটনার পরে মহাকুম্ভ-পরিচালনায় সত্যিই আরও এক বড় ব্যর্থতা। সমাজবাদী পার্টি সুপ্রিমো অখিলেশ যাদবের মতে, মানবিক দৃষ্টিকোণ দিয়ে সমাধান করা উচিত ক্ষুধার্থ, তৃষ্ণার্ত তীর্থযাত্রীদের যন্ত্রণাকে।

দক্ষিণ কলিকাতার উৎপত্তিস্থল ব্রিটিশ আমলেই

দুরন্ত বার্তা বিশেষ প্রতিবেদনঃ মাত্র বছর দেড়েক তখন হয়েছে, প্রথম বিশ্বযুদ্ধ থেমেছে, বিনয় কৃষ্ণ বসুর বয়স বারো, সুভাষ চন্দ্র বসু তখনও কংগ্রেসে যোগ দেননি, মান্না দে-র বয়স সবে এক বছর, সত্যজি রায়ের জন্ম হয়নি। ভবানীপুরের দক্ষিণে সামান্য কিছু বসতি তৈরী হয়েছে। কালীঘাটে আগত দর্শনার্থীরা বলেন আদি গঙ্গার পাড়ে দাঁড়ালে দূর থেকে নাকি বন্য জন্তুর হুঙ্কার শোনা যায় এখনও। অবশ্য ডাকাত আর এখন তেমন নেই। তবে শ্বাপদের ভারী দাপট। কলকাতা শহর দিন দিন ঘিঞ্জি হয়ে উঠছে, তাই বন জঙ্গল কেটেই কলকাতার বসতি বাড়াতে হবে বলে সিদ্ধান্ত নিলেন বৃটিশ গভর্নর জেনারেল জর্জ কার্জন ওরফে লর্ড কার্জন। কলকাতার রাস্তাঘাট, জলের ব্যবস্থা, পয়ঃপ্রণালী বানানো এবং তা রক্ষণাবক্ষেণের জন্য ১৯১২ সালে তিনি প্রতিষ্ঠা করলেন 'ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট' বা সি.আই.টি.। রক্ষণাবক্ষেণের পাশাপাশি চলতে থাকল কলকাতা সম্প্রসারণের কাজও। নতুন নতুন জমি খোঁজার কাজ, যেখানে বসতি গড়া যায়। কালীঘাট মন্দিরের দক্ষিণ-পূর্ব দিকে একটি ঘন জঙ্গল বেছে নেওয়া হল। এই জঙ্গলের পাশ থেকে চলে গেছে ইংরেজদের তৈরী ব্রডগেজ রেললাইন যা আরও দক্ষিণে বজবজে যায়। বৃটিশ সরকার সিদ্ধান্ত নিল এই অঞ্চলটাকেই কেটে সাফ করে বাসযোগী করে তুলতে হবে। কিন্তু সে-জঙ্গল এত গভীর, তা সাফ করতে গেলে বছরের পর বছর সময় লেগে যাবে। তাই ঐ জঙ্গলের দক্ষিণ দিকে, মানে রেল লাইনের অপরদিকে , যেখানে রয়েছে বিরাট বিরাট সব জল, ঠিক হল ঐ জলা ভরাট করেই বসতি হবে। জঙ্গল কেটে পরিস্কার করার থেকে মাটি ফেলে জলা ভরাট করা অনেক সহজ কাজ। কিন্তু জলা ভর্তি করতে যত মাটি লাগবে তা পাওয়া যাবে কোত্থেকে? তাই, জঙ্গল থেকে প্রথমে জঙ্গলের গাছ কেটে মাঠ বানানো হল, আর তারপর সেখান থেকে মাটি কেটে জলা ভর্তির কাজ চলল। মোট তিয়াত্তর একর জায়গা বেছে নেওয়া হলো কাটার জন্য। মাটি কাটার দায়িত্ব দেওয়া হলো সি.আই.টি.-র এক পদস্থ কর্মচারী সেসিল হেনরি বমপাসকে। হাজার খানেকের ওপর লোক নিয়োগ করা হল মাটি খননের জন্য। এই রাজ্যের লোক তো বটেই, পাশের রাজ্য বিহার থেকেও লোক নিয়ে আসা হল দ্রুত কাজ শেষ করার জন্য। এদিকে এই জঙ্গলের মাঝবরাবর একটি ছোট্ট মসজিদ ছিল। ঘন জঙ্গলের মধ্যে এই মসজিদটা তৈরি করা হয়েছিল ১৮৮৪ সালে। মসজিদটি অক্ষত রেখে তার চারিদিক থেকে মাটি কেটে নেওয়া হল। মাটি খুঁড়তে খুঁড়তে এই বিশাল জঙ্গলের মাঝে তৈরী হয়ে গেল মনুষ্য নির্মিত এক বিশাল জলাশয়। মাটি খুঁড়ে পাওয়া গেল অজস্র কঙ্কাল। কলকাতার ঠগি আর ডাকাতদের কথা কে আর না শুনেছেন। সঙ্গের জিনিসপত্র কেড়ে নিয়ে খুন করে জঙ্গলে লাশ পুঁতে দেওয়া ছিল তাদের বাঁ হাতের কাজ। আর পাওয়া গেল বেশ কয়েকটি কামান। যেহেতু সেসিল বমপাসের তত্বাবধানেই এই জলাশয় তৈরি হয়েছিল, তাই জলাশয়টির নাম দেওয়া হল বম্পাস লেক। ঠিক যেমন উইলিয়াম টলি নতুন করে আদি গঙ্গা সংস্কার করেন বলে তাঁর নামেই সেই স্থানের নামকরণ করা হয় টলিগঞ্জ। লেক সংলগ্ন অঞ্চল বলে মাটি বুজিয়ে রেল লাইনের পাশের যে জায়গাটা বাসযোগ্য করে তোলা হল তার নাম রাখা হলো লেক কলোনি। এখানে প্রথম বিশ্বযুদ্ধে আমেরিকান সৈন্যদের একটি ছাঁউনি বা ব্যারাক বানানো হয়েছিল। তখন একে কলোনিই বলা হতো। সিরাজ-উদ-দৌল্লার মৃত্যুর পরে, বাংলার নবাব মির-জাফরের কাছ থেকে পঞ্চান্নটি গ্রাম খুবই সামান্য অর্থের বিনিময়ে কিনে নেয় ইস্ট ইন্ডিয়া কোম্পানি। এই গ্রামগুলোকে বলা হত ডিহি পঞ্চান্নগ্রাম। এই পঞ্চান্নখানি গ্রামের তেত্রিশটি ছিল কলকাতায় আর বাকিগুলো হানা এবং হুগলিতে। হাওড়ার বেতড়, সালকিয়া এসব জায়গা ছিল এই পঞ্চান্ন গ্রামের অন্তর্ভুক্ত। বর্তমানে ইস্টার্ন মেট্রোপলিটন বাইপাসের ওপরে সেই পঞ্চান্নগ্রামের একটি ছোট্ট অংশ এখনও নাম অপরিবর্তিত অবস্থায় রয়ে গেছে। এই গ্রামগুলোর একটিতে ছিল বিরাট বালির বাজার।' ডিচ' ভরাট করতে এখান থেকেই বালি নিয়ে যাওয়া হতো। বাংলার নবাব আলিবর্দি খাঁয়ের শাসনকালে বর্গী, অর্থাৎ মারাঠারা কলকাতা আক্রমণ করবে এইরকম একটা খবর রটে যায়। তাদের হাত থেকে রক্ষা পেতে সেই ১৭৪২ সালে, কলকাতাকে কেন্দ্রে রেখে তার চারিধারে পরিখা তৈরির কাজ শুরু হয়। পরিখা কাটার কাজ শুরু হয়েছিল, কিন্তু মারাঠারা আর আসবে না জানার পরে এই কাজ আর শেষ করা হয়নি। ১৭৯৯ সালে ইস্ট ইন্ডিয়া কোম্পানী আবার এই পরিখা বুজিয়ে ফেলার সিদ্ধান্ত নেয়। সেই সময় পঞ্চান্নগ্রামের ওই বিশেষ গ্রাম থেকে বালি আনিয়ে মারাঠা ডিচ বুজিয়ে ফেলা হলো। সেই বুজিয়ে ফেলা পরিখা আজকের আচার্য প্রফুল্ল চন্দ্র রোড এবং আচার্য জগদীশ চন্দ্র বসু রোড। এদিকে বালি বিক্রি বেড়ে যাওয়ায় গ্রামের বাসিন্দারা বেশ সমৃদ্ধ হয়ে উঠল। গ্রামে বেশ কিছু কোঠা বানি উঠল। বালির সওদা হয় বলে গ্রামের নাম রাখা হয়েছিল বালিগঞ্জ উচ্চারণ করা হত বালিগঞ্জো। ইংরেজরা ১৮৬২ সালে শিয়ালদহ থেকে ক্যানিং অবধি রেল চলাচল ব্যবস্থা চালু করে দেয়। যাতায়াতের সুবিধার্থে সমৃদ্ধ গ্রাম বালিগঞ্জে একটি স্টেশন বানায় তারা। এরও আঠাশ বছর পরে ১৮৯০ সালে বালিগঞ্জ থেকে ডানদিকের জলা আর জঙ্গলের পাশ থেকে পাতা হলো নতুন ট্রেন লাইন, বজবজ পর্যন্ত। উল্লেখ্য এই রেলপথ দিয়েই স্বামী বিবেকানন্দ ১৮৯৭ সালে আমেরিকা ভ্রমণ সেরে কলকাতা ফেরেন। বালিগঞ্জ সমৃদ্ধ গ্রাম হওয়াতে সেখানে বড় বড় জমিদার, ধনী লোকেরা বিঘে বিঘে জমি কিনে তাঁদের বাগান বাড়ি তৈরি করতে শুরু করলেন। প্রমোদভবন আরকি। উচ্চপদস্থ ইংরেজ কর্মচারীরাও এখানে বাগানবাড়ির তৈরী করলেন। তাঁদের সেইসব বিরাট বিরাট বাগানওয়ালা বাড়িগুলোর নামের সঙ্গে একখানা করে গার্ডেন জুড়ে দেওয়া হতো। এইরকমই একটি বাগানবাড়ির মালিক ছিলেন তদানীন্তন জেলা শাসক জর্জ ম্যান্ডেভিলা। তাঁর বাগানবানির নাম হলো জর্জ ম্যান্ডেভিলা গার্ডেন। আজকের ম্যান্ডেভিলা গার্ডেন। এরকম আরেকটি বাগানবাড়ি ছিল কর্ণেল গিলবার্ট আয়রনসাইডেরও। তবে আজ আর আয়রনসাইড গার্ডেন নেই, বর্তমান নাম আয়রনসাইড রোড। এদিকে চারিদিকে এত ' - গার্ডেন' দেখে লেক কলোনির বাসিন্দারা বললো তারাও লেক কলোনি নাম নেবে না। কলোনি নাম তাদের পছন্দ নয়। তাদেরও' নাম চাই। তখন লেক কলোনির পরিবর্তে স্থানটির নাম রাখা হল লেক গার্ডেন্স। লেকগার্ডেন্সে ছোট্ট জনপদ তৈরী হতেই ইংরেজ সরকার তখনকার নামি ব্যবসায়ী মঙ্গনিরাম বাঙুরকে দায়িত্ব দিল সেই জনপদের আরও দক্ষিণ দিক বাসযোগ্য করে তোলার। মঙনিরাম তা-ই করলেন। সেই অঞ্চলেও গড়ে উঠল বসতি। টিপু সুলতানের পরিবারের সদস্যরাও সেখানে খাপছাড়া ভাবে বসবাস করতেন। মঙনিরাম সাজিয়ে তুললেন অঞ্চলটা। আজকের এম.আর. বাঙুর হাসপাতাল তাঁর নামেই। আর সেই বমপাস লেকের নাম হয় ঢাকুরিয়া লেক, বর্তমানের রবীঃদ্র সরোবর। বমপাসের নাম ইতিহাস থেকে পুরোপুরি মুছে যায়নি লোকে তাঁকে মনে না রাখলেও একটি রাস্তা তাঁর নামে রয়ে গেছে। দেশপ্রাণ শাসমল রোড থেকে সাদার্ন এভিনিউতে ঢুকে একটু এগোলেই বাঁ-হাতে পেয়ে যাবেন বমপাস রোড। রাস্তাটা এঁকেবেঁকে কিরণশঙ্কর রায় রোড দিয়ে আপনাকে নিয়ে যাবে লেক মার্কেট।

সুফল বাংলা বিপণির শুভ উদ্বোধন

মতিয়ার রহমান, উলুবেড়িয়া, ৭ ফেব্রুয়ারি ঃ শুক্রবার পশ্চিমবঙ্গ সরকারের কৃষিজ বিপণন বিভাগের পরিচালনায় পশ্চিমবঙ্গ এগ্রি মার্কেটিং কর্পোরেশন লিমিটেডের অধীন সুফল বাংলা বিপণির শুভ উদ্বোধন অনুষ্ঠান অনুষ্ঠিত হলো উলুবেড়িয়া পৌরসভা প্রঙ্গনে। সুফল বাংলা বিপণির উদ্বোধনী অনুষ্ঠানে প্রদীপ প্রজ্জ্বলন ও ফিতা কেটে উদ্বোধন করেন রাজ্যের জনস্বাস্থ্য কারিগরি ও পূর্তমন্ত্রী পুলক রায়, রাজ্যের কৃষি বিপণন দপ্তরের মন্ত্রী বেচারাম মান্না, উলুবেড়িয়া পূর্বের বিধায়ক বিদেশ রঞ্জন বসু, আমতার বিধায়ক সুকান্ত পাল, উলুবেড়িয়ার মহকুমা শাষক মানষ কুমার মন্ডল, হাওড়া জেলা পরিষদের সহসভাধিপতি অজয় ভট্টাচার্য,উলুবেড়িয়া পৌরসভার পৌর প্রধান অভয় কুমার দাস উপপৌরপ্রধান সেখ ইনামুর রহমান, চেয়ারম্যান ইন কাউন্সিল আকবর সেখ প্রমুখ।

জগবল্লভপুরে শাসক-বিরোধী তরজা

সুমন আদক, হাওড়া, ১১ ফেব্রুয়ারি ঃ মাধ্যমিকের পরীক্ষা চলাকালীন 'মাইক বাজিয়ে' যুব তৃণমূল কংগ্রেসের রক্তদান শিবির ঘিরে শাসক-বিরোধী তরজা ডোমজুড়ে, মাইক ব্যবহার করা হয়নি দাবি উদ্যোক্তাদের। এবার মাইক বিতর্ক হাও।ার জগবল্লভপুরে। মঙ্গলবার সকালে জগবল্লভপুর বিধানসভার রুদ্রপুর অঞ্চল তৃণমূল যুব কংগ্রেসের ১৮৪ নম্বর বুথের উদ্যোগে ওই রক্তদান শিবিরের আয়োজন করা হয়। মঞ্চে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় এবং হাওড়া জেলা সদরের যুব তৃণমূল কংগ্রেস সভাপতি কৈলাশ মিশ্রের ছবি টাঙানো ছিল বলে স্থানীয় সূত্রে জানা গেছে। গোটা এলাকা তৃণমূল কংগ্রেসের পতাকা দিয়ে মুড়ে ফেলা হয়। সকাল ১১টা নাগাদ মাধ্যমিক পরীক্ষা শুরু হয়। কিন্তু তার আগেই একাধিক মাইকে রক্তদান শিবির নিয়ে ঘোষণা চলতে থাকে। এই ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। রক্তদান শিবিরের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রুদ্রপুর গ্রাম পঞ্চায়েত প্রধান সহ স্থানীয় নেতৃবৃন্দ। পঞ্চায়েত প্রধান অঞ্জন ঘুকুকে মাইক চালানোর জন্য মঞ্চ থেকে ক্ষমা প্রার্থনা করতেও দেখা যায়। পরে এই নিয়ে তাঁকে প্রশ্ন করা হলে তিনি দাবি করেন মাইক লাগানো ছিল। কিন্তু চালানো হয়নি। তবে অনুষ্ঠানের সময় মাইক বাজতে দেখা গেছে। সেই ছবি ক্যামেরাবন্দিও হয়। এই নিয়ে শুরু হয়েছে বিতর্ক। অঞ্জন ঘুকু বলেন, 'যেহেতু সরকারের নির্দেশ আছে মাধ্যমিক পরীক্ষা চলাকালীন কোনও অনুষ্ঠানে মাইক ব্যবহার করা যাবে না সেই জন্য আমি বলেছিলাম মাইক বন্ধ করে যাতে অনুষ্ঠানটা করা যায়। মাইক লাগানো হয়েছিল। কিন্তু মাইক বন্ধ ছিল। আমি বলেছি মাইক না বাজিয়ে যাতে অনুষ্ঠানটা করা যায়।' এদিকে, বিজেপির পক্ষ থেকে মাইক বাজানোর জন্য তৃণমূলের কঠোর সমালোচনা করা হয় এদিন। ভারতীয় জনতা পার্টির জগবল্লভপুর ৪ নম্বর মন্ডলের সাধারণ সম্পাদক বিশ্বজিৎ মন্ডল বলেন, 'তৃণমূল সরকারের আমলে আজকে বাংলার সংস্কৃতি নষ্ট হতে বসেছে। উচ্চ আদালতের নির্দেশ রয়েছে মাধ্যমিকের সময় মাইক না ব্যবহার করতে।
অথচ এরা আইন মানে না। হাইকোর্টের নির্দেশকেও এরা অগ্রাহ্য করে। অথচ প্রশাসন নীরব দর্শক।'

দু ঃসাহসিক চুরি হিঙ্গলগঞ্জের সাহেবখালিতে

সৌরভ দাশ, হিঙ্গলগঞ্জ, ১২ ফেব্রুয়ারি ঃ হিঙ্গলগঞ্জের তিন নম্বর সাহেব খালি এলাকায় নিত্যানঃদ হাই স্কুলের পাশে দু ঃসাহসিক চুরি। পরপর দুটি শিক্ষকের বাড়িতে তালা ও আলমারির শোকেস লকার ভেঙে প্রায়.দুই লক্ষ টাকার গহনা ও নগদ টাকা নিয়ে পালায় দুস্কৃতীরা। দেবব্রত ঘরামী ও কাবির ঘরামী হরি সভায় গান শুনতে যান এবং সেই সময় বাড়িতে কেউ না থাকার সুযোগেই এই দু ঃসাহসিক চুরি র ঘটনা ঘটে জানান ওই শিক্ষক।

টোটো চালকদের জন্য নতুন নির্দেশিকা বিধাননগর কমিশনারেটের

দুরন্ত বার্তা, বিধাননগর, ১২ ফেব্রুয়ারি ঃ নিউটাউনে ১৪ বছরের কিশোরীকে ধর্ষণ-খুনে টোটো চালকের গ্রেফতারির পর টনক নড়ল পুলিশের। টোটো চালকদের জন্য নতুন নির্দেশিকা জারি করল বিধাননগর কমিশনারেট। রাস্তায় টোটো নামানোর আগে চালকদের নাম, ঠিকানা-সহ তথ্যপঞ্জি জমা দিতে হবে সংশ্লিষ্ট থানায়। টোটোগুলির পুলিশ ভেরিফিকেশন হবে, পুলিশের ক্লিয়ারেন্স সার্টিফিকেট মিললে তবেই চালানো যাবে টোটো। জানা গেছে, বিধান নগর পুলিশ কমিশনারেটের এলাকায় প্রতিদিন প্রায় ১০ থেকে ১২ হাজার টোটো চলাচল করে। এই সমস্ত চালকদের কোনও তথ্য এতদিন পুলিশের কাছে ছিল না। আর তাই রাজ্য পুলিশের ওয়েবসাইটের মাধ্যমে প্রতিটি টোটোচালকদের যাবতীয় তথ্য সংগ্রহ করা শুরু হচ্ছে। রাজ্য পুলিশের ওয়েবসাইটে অনলাইনে টোটোচালকদের আধার নম্বর, ইমেল আইডি নাম দিয়ে নথিভুক্ত করতে হবে।

মাঘী পূর্ণিমাতেও লক্ষ লক্ষ পুন্যাথিদের ঢলে সরগম গঙ্গাসাগর

দুরন্ত বার্তা, গঙ্গাসাগর, ১২ ফেব্রুয়ারি ঃ গঙ্গাসাগর মেলা শেষ হয়েছে সবে মাত্র এক মাস হলো। লক্ষ লক্ষ পূর্নাথীর ঢলে সরগরম হয়ে উঠেছিল গঙ্গাসাগর মেলা। মকর সংক্রান্তির পুণ্য লগ্নে পুণ্য স্নানের ঠিক একমাস পরেই মাঘী পূর্নিমাতেও আবারো ভক্তের ঢল নামলো গঙ্গাসাগরে। গঙ্গাসাগরের পবিত্র জলে একবার স্নান করে পুন্য লাভের আশায় আবারো মানুষ ছুটে এলো গঙ্গাসাগরে। প্রসঙ্গত বলা চলে এই মাঘী পূর্ণিমাকে কেন্দ্র করে কপিলমুনির মন্দির চত্বর সেজে উঠেছিল আলোকমালায়। পুণ্যার্থীদের পারাপারের সুবিধার্থে সকাল থেকেই ভেসেল পরিষেবা রাখা হয়েছিল পর্যাপ্ত। রাস্তার দুই ধারে পসরা সাজিয়ে বসেছিল বিভিন্ন দোকান। বিভিন্ন সংস্থার দ্বারা চলছিল ভাণ্ডারাও। ছিল আকস্মিক স্বাস্থ্য পরিষেবার ব্যবস্থায়। লট এইট ঘাট, কচুবেরিয়া ও কপিলমুনি মন্দির চত্বরে মতায়েন ছিল যথেষ্ট পুলিশ, ছিল সিভিল ডিফেন্সের টিমও। সকাল থেকেই সাগরের মেলা অফিসে উপস্থিত ছিলেন সাগরের বিডিও কানাইয়া কুমার রয়, জিবিডিএ -এর এক্সিকিউটিভ অফিসার নীলাঞ্জন তরফদার, অডিএম এল এ হারসিমরান সিং, জিবিডিএ -এর চেয়ারম্যান ও সহ-সভাধিপতি শ্রীমন্ত কুমার মালি প্রমুখ। জিবিডিএ -র চেয়ারম্যান শ্রীমন্ত মালি সাংবাদিকদের প্রশ্নের উত্তরে জানান ১২ফেব্রুয়ারি সকাল ৯টা পর্যন্ত প্রায় ছয় লাখ পুণ্যার্থী মাঘী পূর্ণিমার পুন্য তিথিতে গঙ্গাসাগরের স্নান করে চলে গেছেন, এবং কোনো অপ্রীতিকর ঘটনা ঘটার খবর পাওয়া যায়নি।

অবলা নন্দী কে সুস্থ করতে, যুবকদের মানবিক উদ্যোগ প্রশংসা যোগ্য

সৌরভ দাশ, টাকী, ১২ পেব্রুয়ারি ঃ স্বামীজি বলেছিলেন জীবে প্রেম করে যেই জন,সেই জন সেবিছে ঈশ্বর । শিব জ্ঞানে জীব সেবার মন্ত্র নিয়ে নন্দী কে সুস্থ করতে উদ্যোগ টাকী থুবার যুবকদের। গত বেশ কয়েকবছর ধরে টাকী থুবা মোন ও সংলগ্ন স্থানের মানুষের কাছে পরিচিত একটি মুখ নন্দী। নিজে খাদ্য সংগ্রহ করার পাশাপাশি থুবা বাজারের ব্যাবসায়ী দের দেওয়া আনাজ কিংবা পথচারী বা স্থানীয়দের দেওয়া খাবারেই দিনযাপন করতো নন্দী। তবে বিগত কয়েক মাস যাব শারীরিক অসুস্থতা, তার সুস্থ জীবন যাপন কে ব্যাহত করছিলো। স্থানীয় দের উদ্যোগে তার খাবারের জোগান মিটলেও তার পায়ের গভীর ক্ষতর যন্ত্রনা যেন অনুভব করছিলো সবাই ই।
নন্দীর পায়ের গভীর ক্ষত নিরাময়ে বারকয়েক চেষ্টা করেছেন স্থানীয় রা। তবে প্রতিবারই তা বিফলে গেছে। বারবার হতাশ হলেও নন্দী কে তার সুস্থ জীবন ফিরিয়ে দিতে ফের উদ্যোগী টাকী থুবার যুবক বৃন্দ। স্থানীয় কিছু যুবকের উদ্যোগে টাকী থুবা সংলগ্ন মাঠে ত্রিপল ও মশারি দিয়ে ঘর বানিয়ে,চিকিসক এনে নন্দীর চিকিৎসা চলছে। চিকিসকের খরচ ও চিকিসা বিষয়ক ওষুধপত্র জোগান দিতে সাধ্যমতো আর্থিক সহযোগিতা করছেন স্থানীয় ব্যাবসায়ী সহ অনেকেই। নন্দী কে সারাদিনের খাবারের জোগান ও দিচ্ছেন উদ্যোক্তারা। হাত বাড়িয়েছেন সব্জী ব্যাবসায়ী থেকে শুভানুধ্যায়ী সকলেই। চিকিৎসকের পরামর্শ অনুযায়ী আগামী কয়েকমাস ধরে একই জায়গায় রেখে নন্দীর চিকিৎসা চলবে। ইতিমধ্যে তার জন্য অর্থ সংগ্রহ ও চলছে। অবলা নন্দী কে সুস্থ করতে, যুবক দের এই মানবিক উদ্যোগ কে প্রশংসায় ভরাচ্ছেন এলাকার মানুষ।

মাঘী পূর্ণিমায় মাথায় ত্রিবেণীর জল দিলেন তারকা সাংসদ রচনা ব্যানার্জি

হুগলি, ১২ ফেব্রুয়ারি ঃ হুগলি জেলার ঐতিহ্যবাহী ত্রিবেণীতে শুরু হয়েছে কুম্ভমেলা। বহু ভক্ত সমাগম হয়েছে সেখানে। মাঘী পূর্ণিমার পুণ্যলগ্নে বুধবার ভোর থেকেই শাহী স্নান করেন বিপুল সংখ্যক পুণ্যার্থী। বুধবার হুগলির ত্রিবেণীর কুম্ভমেলায় উপস্থিত হয়েছিলেন তারকা সাংসদ রচনা ব্যানার্জিও। মাঘী পূর্ণিমায় ত্রিবেণীতে মাথায় জল ছিটিয়ে তারকা সাংসদ বলেন, মহাকুম্ভে স্নান করেছি তাই এখানে মাথায় জল ছিটিয়ে নিলাম। তিনি এও বলেন, ত্রিবেণী কুম্ভমেলার ব্যবস্থা ভাল। সব দফতর মিলে একসঙ্গে কাজ করেছে। তবে ঘাটগুলোর একটু সংস্কারের প্রয়োজন। উল্লেখ্য, ত্রিবেণীতে তিন দিন ধরে চলবে এই মহোসব। ত্রিবেণী কুম্ভমেলার চতুর্থ বর্ষের সূচনা হয়েছে মঙ্গলবার। এখানে আয়োজন করা হয়েছে নগরকীর্তন, শক্তিপীঠ পরিক্রমা, রুদ্র অভিষেক, রুদ্র মহাযজ্ঞ, শিব সহস্র নাম, সাধু প্রবচন ও ধর্মসভার। সপ্তর্ষি ঘাটে সন্ধেয় হবে গঙ্গা আরতি ও সাংস্কৃতিক অনুষ্ঠান।

রিচফিল্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড

নিবন্ধিত অফিসের ঠিকানা ঃ ২বি, গ্রান্ট লেন, দ্বিতীয় তলা, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০১২
সিনঃ এল৬৫৯৯৯ডব্লুবি১৯৯২পিএলসি৫৫২২৪
ইমেলঃ rfsl.nbfc@gmail.com | ওয়েবসাইট- https://www.rfsl.co.in/

৩১.১২.২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং নয় মাসের জন্য অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবৃতির উদ্ধৃতি অর্থ — লক্ষ টাকায়

ক্রম নং.	বিবরণ	ত্রৈমাসিক শেষ ৩১.১২.২০২৪ (অনিরীক্ষিত)	ত্রৈমাসিক শেষ ৩০.০৯.২০২৪ (অনিরীক্ষিত)	ত্রৈমাসিক শেষ ৩১.১২.২০২৩ (অনিরীক্ষিত)	নয় মাস শেষ ৩১.১২.২০২৪ (অনিরীক্ষিত)	নয় মাস শেষ ৩১.১২.২০২৩ (অনিরীক্ষিত)	বছর শেষ ৩১.০৩.২০২৪ (নিরীক্ষিত)
১.	অপারেশন থেকে মোট আয়	১১২.২৭	৭৮.৭৫	৫৫.৯৬	২৬৪.৯৪	১১৬.৯৯	১৮৩.০৯
২.	নিট লাভ (ক্ষতি) (করের আগে, ব্যতিক্রমী এবং / অথবা অসাধারণ আয়#)	০.৬৮	(২.৯৯)	৩১.৯৬	২.৮৬	৫১.৪১	৮৩.৯০
৩.	করের পূর্ববর্তী সময়ের জন্য নিট লাভ (ক্ষতি)(ব্যতিক্রমী এবং / অথবা অসাধারণ আইটেমের পরে#)	০.৬৮	(২.৯৯)	৩১.৯৬	২.৮৬	৫১.৪১	৮৩.৯০
৪.	করের পরবর্তী সময়ের জন্য নিট লাভ (ক্ষতি) (ব্যতিক্রমী এবং / অথবা অসাধারণ আইটেম#)	০.৬৮	(২.৯৯)	৩১.৯৬	২.৮৬	৫১.৪১	৬৪.৭৯
৫.	মোট সমন্বিত সময়কালের জন্য আয় সময়কালের জন্য লাভ (ক্ষতি) (করের পরে) এবং অন্যান্য সমন্বিত আয় (করের পরে)	০.৬৮	(২.৯৯)	৩১.৯৬	২.৮৬	৫১.৪১	৬৪.৭৯
৬.	ইকুইটি শেয়ার মূলধন	৩৭৫.০১	৩৭৫.০১	৩৭৫.০১	৩৭৫.০১	৩৭৫.০১	৩৭৫.০১
৭.	রিজার্ভ (পুনর্মূল্যায়ন রিজার্ভ বাদে) যেমনটি বিগত বছরের অডিটেড ব্যালেন্স শিটে দেখানো হয়েছে	৪৮৪.২৭	৪৮৪.২৭	৪১৯.৪৯	৪৮৪.২৭	৪১৯.৪৯	৪৮৪.২৭
৮.	শেয়ার প্রতি আয়(প্রতিটি টাকা /-)(চলমান এবং বন্ধ থাকা কার্যক্রমের জন্য) -						
	১. মৌলিক	০.০২	(০.০৮)	০.৮৫	০.০৮	১.৩৭	১.৭৩
	২. মিশ্রিত	০.০২	(০.০৮)	০.৮৫	০.০৮	১.৩৭	১.৭৩

দ্রষ্টব্য ঃ
১. উপরে উল্লিখিতটি স্কক্ষক্ষচ্ছ(তালিকাভুক্তি এবং অন্যান্য প্রকাশের প্রয়োজনীয়তা) প্রবিধান, ২০১৫-এর ৩৩ নং প্রবিধানের অধীনে স্টক এক্সচেঞ্জের কাছে ৩১শে ডিসেম্বর ২০২৪ তারিখে সমাপ্ত সময়ের জন্য দাখিল করা ত্রৈমাসিক স্বতন্ত্র অ-নিরীক্ষিত আর্থিক ফলাফলের বিস্তারিত বিন্যাসের একটি উদ্ধৃতি। ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সম্পূর্ণ বিন্যাস স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে www.bseindia.com এবং তালিকাভুক্ত সত্তার ওয়েবসাইটে www.rfsl.co.in-এ পাওয়া যাবে।
২ হিসাব নীতিতে পরিবর্তনের কারণে নেট লাভ / ক্ষতি, মোট ব্যাপক আয় বা অন্য কোনও প্রাসঙ্গিক আর্থিক আইটেমের উপর প্রভাব একটি পাদটীকার মাধ্যমে প্রকাশ করা হবে।
৩ -Ind-AS নিয়ম, যেটিপ্রযোজ্য, অনুসারে লাভ এবং ক্ষতির বিবৃতিতে সামঞ্জস্যপূর্ণ ব্যতিক্রমী এবং /অথবা অসাধারণ আইটেম।
৪ স্ক্যান করে আর্থিক ফলাফল অ্যাক্সেস করা যেতে পারে। নিচে কিউআর কোড দেওয়া হল বোর্ডের আদেশ অনুসারে

বোর্ডের আদেশক্রমে
রিচফিল্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেডের জন্য
ভাদাসেরিল চাকো জর্জেকুটি
ব্যবস্থাপনা পরিচালক
ডিনঃ ০৯১৯৪৮৫৪

স্থানঃ কলকাতা
তারিখ ঃ ১২ .০২ .২০২৫

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব

দুরন্ত বার্তা

৩০ বর্ষ, দৈনিক ৭৪ সংখ্যা, বৃহস্পতিবার ৩০ মাঘ, ১৪৩১

দক্ষ অভিনেতা রবি ঘোষ

তাঁর অভিনয়ের ম্যাজিক আজও অটুট। যদিও রবি ঘোষ অভিনেতা নয় জীবনে হতে চেয়েছিলেন একজন বডিবিল্ডার। সারা জীবন সিনেমা, থিয়েটার করলেও প্রথম জীবনে চাকরি করতেন ব্যাঙ্কশাল কোর্টে। আসল নাম রবীন্দ্রনাথ ঘোষ দস্তিদার। সিনেমাপ্রেমীদের অনেকেই সুযোগ পেলে আজও তপন সিংহের 'গল্প হলেও সত্যি' ছবিটি ঘুরিয়ে ফিরিয়ে দেখেন। সেই ছবিতে ধনঞ্জয় রূপে রবি ঘোষের অভিনয় মুগ্ধ করেছিল দর্শককে। ছবির ঘুণধরা একান্নবর্তী পরিবারটিকে ধনঞ্জয় যেভাবে জাদুবলে পাল্টে দিয়েছিল, ঠিক তেমন করেই রবি ঘোষে ভর করে যেন পাল্টে গেল বাংলা কমেডির স্টাইল। অথচ ব্যক্তি জীবনে ভয়ঙ্কর ব্যক্তিত্বসম্পন্ন একজন মানুষ, প্রয়োজনের বাইরে একটি কথাও তিনি বলতেন না, রাশভারী গোছের মানুষ ছিলেন। 'গল্প হলেও সত্যি'তে রবি ঘোষ বোঝাতে পেরেছিলেন আসলে তিনি কত উচ্চমানের অভিনয় করতে পারেন। অথবা'গুপী বাইন বাঘা বাইন'-এর বাঘা, সেখানেও রবি ঘোষ দেখিয়েছেন কৌতুকাভিনেতা নন, তাঁকে একজন জাত অভিনেতা বললে অনেকটা কমই বলা হয়। সারা জীবন সিনেমা থিয়েটার করলেও প্রথম জীবনে চাকরি করতেন ব্যাঙ্কশাল কোর্টে। কলকাতায় জন্ম, সাউথ সুবার্বন স্কুল থেকে ম্যাট্রিক পরীক্ষা দিয়ে আশুতোষ কলেজ থেকে স্নাতক হন। চাকরি করতে করতে মাথায় ভূত চাপল থিয়েটার করবেন। যখন থিয়েটারে বেশ একটু নাম ডাক হয়েছে,বিখ্যাত চলচ্চিত্র পরিচালক অরবিন্দ মুখার্জীর নজরে পড়লেন। তাঁর দৌলতে রবি ঘোষের প্রথম ছবি 'আহ্বান'। আর 'গল্প হলেও সত্যি' ছবিতে কিভাবে অভিনয়ের জোরে ছবির চরিত্রাভিনেতা আসল চরিত্র হয়ে উঠতে পারেন প্রতিভাবান অভিনেতা-অভিনেত্রীরা দেখে শিখতে পারেন। 'গুপী বাইন বাঘা বাইন' রবি ঘোষের চলচ্চিত্র জীবনের আরেক বড় মাইলস্টোন, সাফল্য তারপরেও অনেক পেয়েছেন, 'অরণ্যের দিনরাত্রি', হীরক রাজার দেশে', 'গুপি বাঘা ফিরে এল', 'পদ্মা নদীর মাঝি'। থিয়েটারে মানুষটি চুটিয়ে কাজ করেছেন। 'গল্প হলেও সত্যি' অনুপ্রেরণায় হিন্দিতে বাবর্চি তৈরি করেছিলেন পরিচালক হৃষিকেশ মুখোপাধ্যায়। হিন্দি ছবিতে রবি ঘোষের জায়গায় অভিনয় করেছিলেন রাজেশ খান্না। দর্শক, সমালোচকরা বলেন, বাবুর্চি রাজেশকে বলে বলে দশ গোল দেবেন 'গল্প হলেও সত্যি'র ধনঞ্জয়। একটি কথা মনে হয় বেশ জোর গলায় বলা যায় তপন সিনহা, সত্যজিৎ রায় মশায় সহ হাতে গোনা দু'চারজন যা করতে পেরেছেন অথবা করে দেখিয়েছেন রবি ঘোষকে নিয়ে অসমান্য অভিনয়, অসাধারণ ছবি, তার সিকিভাগ দক্ষতা যদি দেখাতে পারতেন বাংলার অন্য চিত্র পরিচালকরা, হয়ত রবি ঘোষের গায়ে তথাকথিত কৌতুকাভিনেতা, চরিত্রাভিনেতার তকমা লাগত না! বরং বাংলা ছবির সর্বকালের অন্যতম সেরা অভিনেতাদের তালিকায় তিনি থাকতেন বিনা তর্কেই। আসলে রবি ঘোষ নিজেই বুঝতে পারতেন না যে তিনি অতি উচ্চ ধারনের অভিনয় করে চলেছেন। যখন তিনি স্বয়ং ছবিটা দেখতে সিনেমার পর্দায় উপস্থিত হয়ে নিজের অভিনয় দেখতেন তখন তিনি অবাক হয়ে ভাবতেন এই ধরনের ক্ল্যাসিক্যাল অভিনয় করতে পেরেছেন। বেশির ভাগ সময়ে তিনি অবাক হয়ে গিয়েছিলেন সত্যজিৎ রায়ের ছবিতে অভিনয় করতে গিয়ে। তিনি গুপী গাইন বাঘা বাইন করতে গিয়ে যে ধরনের অভিনয় দক্ষতা প্রকাশ করেছিলেন সত্যজিৎ রায়ের হাত ধরে তাতে বাংলার দর্শকেরা অবাক হয়ে গিয়েছিলো। রবি ঘোষের অভিনয়ের ওপরে বিশ্বাস রাখতেন সত্যজিৎ রায় এবং অন্যান্য পরিচালকেরা। সবাই জানতো রবি ঘোষের অভিনয়ের কোন ফাঁকি নেই। একেবারে খাঁটি সোনা বলা যেতে পারে। সেই কারণে সব পরিচালকেরা রবি, ঘোষকে বেশ পচ্ছন্দ করতো।

ধর্ম বিচ্ছেদ করে, সংস্কৃতি ঐক্য

প্রখ্যাত চলচ্চিত্র নির্মাতা বুদ্ধদেব দাশগুপ্ত মহাশয়কে। কোথায় যে চলে যান এই সব মানুষরা! ১৯৯৩ সাল জানুয়ারি মাস, ব্লাডিভিডি বার্বুর্চি এর প্রথম তথ্য চিত্র "PORTRAIT OF AN ACTRE নিয়ে বাংলাদেশ ফিল্ম ফেস্টিভ্যাল গিয়েছি, ভারত থেকে আরো অনেকে তাদের ছবি নিয়ে গিয়েছিলেন। বুদ্ধদেবে দা প্রধান অতিথি হিসেবে আসন অলংকৃত করেছিলেন। ঢাকা শহরে এদিক ওদিক একা একা ঘুরে বেড়ানো। ১৯৯২ এর ৬ই ডিসেম্বরে বাবরি মসজিদ ভাঙ্গা নিয়ে ভারত এমন কি বাংলাদেশ ও উত্তাল ছিল সেই সময়, সাবধান থাকতে হতো। একদিন ঢাকা ইউনিভার্সিটির ফেস্টিভ্যাল কমপ্লেক্সে কিছু লোক এসে কোনো একটি দেশের পতাকা নামাতে বলে, Sint film festival. সাধারণত যেই যেই দেশ থেকে ছবি থাকে সেই দেশের পতাকা রাখা হয় ফেস্টিভ্যাল বেশ হইচই শুরু হলো ভয় সাবধান থাকতে হবে। অপ্রাসঙ্গিক কথা বলা চলবে না। আর পাসপোর্ট সবসময় যত্ন করে রাখা হতো। ফেস্টিভ্যাল কমিটি থেকে সবসময় একজন লোককে দিয়েছিল দেখভাল করার জন্য। একজন প্রখ্যাত চলচ্চিত্র নির্মাতা, সেটা ওনার একটা বিশেষ গুন, একজন শিল্পী র তো সামাজিক দায়বদ্ধতা ও কম থাকে না।ওনার শিল্প কর্ম নিয়ে অনেককে অনেক কথা বলেন কিন্তু ব্যক্তি বুদ্ধদেবদা অনেক সমৃদ্ধ করেছেন। দেশে এরপর একাধিকবার দেখা হয়েছে, কখনো নন্দনে,কখনো শিশির মঞ্চে, কখনো ওনার ছবির প্রিমিয়ারে, দেখা হলেই সবসময় খোঁজ খবর নিতেন কি কাজ করছি জিজ্ঞাসা করতেন। কেরালা কিংবা গোয়াতে ওনার ইন্ডিয়ান প্যানোরামায় নির্বাচিত ছবি দেখে বলেছিলেন অনেক গল্প হলো, কলকাতাতেও অনেক বার কথা হয়েছে,ওনার সেলিমপুর এর বাড়ীতেও ছবি নিয়ে নানা রকম আলোচনা হয়েছে, কিছু কথা কখনোই আমার কাছে চির স্মরণীয়। এনারা আবার কেনো ফিরে ফিরে আসেন না? আসলে ঢাকা ফিল্ম ফেস্টিভ্যাল ঠিল খুবই আদর যত্নের স্থান। কিন্তু তা হলে কি কবে? সেই সব আদর যত্ন পাওয়া সম্ভব হয়নি। উল্টে সতর্ক হয়ে চলাফেরা করতে হয়েছে। ধর্ম তখন মানুষকে তাড়া করে বেড়াচ্ছে।

শ্রীশ্রী অনুকূল ঠাকুর

যদি সত্যবাদী না হয় তাহলে তাঁর শক্তি দেওয়ার ক্ষমতা থাকে না। অসৎ মা কোনও সময়ে তাঁর সন্তানদের শক্তি দিতে পারে না।যিনি সাধনা করতে পেরেছেন তিনিই বড় মনটাকে গ্রহণ করতে পারেন। সকলের দ্বারা বড় মন অর্জন করা সম্ভব হয় না। সত্যের মধ্যে রয়েছে বড় মন লুকিয়ে। সত্যকে জয় করতে হবে। সেটাকে জয় না করতে পারলে একবারে তলিয়ে যেতে হবে। আর কোনও দিন মাথা তুলে দাঁড়াবে না। মাথা তুলে শক্তভাবে দাঁড়াতে গেলে যে শক্তির প্রয়োজন হয়ে সেটা হচ্ছে মাতৃশক্তি। মাতৃশক্তি সত্যের ওপরে দাঁড়িয়ে থাকে। মা

স্বামী বিবেকানন্দ-বাণী

জানার চেষ্টা করবি। সত্যকে প্রতিষ্ঠা করার চেষ্টা করবি। তাহলে জীবনে কোনও দিন ঠকবি না। ঠাকুর রামকৃষ্ণদেব সব সময়ে নরেনকে নিয়ে ছেলের মতো চোখে চোখে রাখতেন। তাঁর আনন্দ দেখতেন। শুধু ঠাকুর নন, মা সারদাও নরেনকে নিজের সন্তানের মতো ভালোবাসতেন। মা সারদা বলতেন, নরেন আমরা প্রাণ। নরেনের গান না শুনলে রাতে ঘুম আসতো না। প্রতিদিন নরেনের ভক্তি গীতি শুনতেন মা সারদা। ঠাকুর রামকৃষ্ণদেব তো একেবারে নরেনের গান শুনে বিহ্বল হয়ে যেতেন। কোনও কোনও সময়ে ভক্তিগীতি শুনে তিনি জ্ঞান হারা হয়ে যেতেন। তার সেই জ্ঞান ফিরত বহুক্ষণ বাদে।

ভগবান অবতার বিষ্ণুর অংশ বলে নরেনকে ঠাকুর রামকৃষ্ণদেব মনে করতেন। ঠাকুর যেমন সারা দিন মা মা করতেন, আবার তিনি সারা দিন ধরে নরেন নরেন করতেন। তিনি নরেন ছাড়া জগতে আর কাউকে চিনতেন না। তিনি বলতেন, ওরে তোরা জানিস না নরেন কত শক্তি ধরে। ঠাকুর রামকৃষ্ণদেব বলতেন, সত্যকে

স্বাধীনতা সংগ্রামী এবং সংবাদপ্রেমিক সম্পাদক শরৎ পণ্ডিত 'জঙ্গিপুর সংবাদ' দাদা ঠাকুর নামে সবার কাছে পরিচিতি ছিলেন

রবীন্দ্রকুমার শীল

জঙ্গিপুর থেকে হাওড়া পর্যন্ত সব স্টেশনের নাম মনে রাখার জন্য তৈরি করেছিলেন একটি নামাবলি-গান। তাতে আবার দু'ধরনের সুর-প্রভাতী আর গজল। '...আজিমগঞ্জ সিটি করি দরশন/ মুনিগ্রাম, গণকর পেরিয়ে/ জঙ্গিপুর আমার ঘর।' একবার ট্রেনে আসতে আসতে উদাত্ত কণ্ঠে এই গান গাইছেন তিনি, এক টিকিট-চেকার তাঁকে বললেন, অন্য স্টেশন গুলোই বা বাদ থাকে কেন? তাঁর মুখের কথা মুখেই রইল। তিনি চটজলদি গান ধরলেন -'সজনিপাড়া, নিমতিতা, ধুলিয়ান গ্যাঞ্জেস/ তিলডাঙা, বারহা রোয়াতে শেষ। এ লাইনে দফা রফা/ তার পরে লুপ লাইন ধর।'

কলকাতা বেতারকেন্দ্র। কলকাতার রেডিও অনুষ্ঠান 'পল্লিমঙ্গল আসর' ও 'ছোটদের বৈঠক' দুটি অনুষ্ঠানে তিনি পনেরো বছর ধরে যুক্ত ছিলেন। একদিন তিনি অনুষ্ঠান শেষে কেন্দ্র থেকে বেড়িয়ে যাচ্ছেন আর যুবক বয়সের রামকুমার চট্টোপাধ্যায় কেন্দ্রে ঢুকছেন.. যুবক রামকুমার তাঁকে প্রণাম করেন। তিনি রামকুমারের পিঠে হাত রেখে জিজ্ঞাসা করেন, 'হ্যাঁ ভাই তোমার নাম কি, তুমি কী করো?' উত্তরে রামকুমার নিজের পরিচয় দিয়ে বলেন, 'আজ্ঞে আমি গাই।' তখন তিনি অবাক হয়ে জিজ্ঞেস করেন, 'তা তুমি দিনে ক' সের দুধ দাও?' রামকুমার ভয়ে ভয়ে বলেন, 'আমি দুধ দেবো কি করে?' তিনি হেসে বলেন, 'ঐ যে তুমি বললে 'আমি গাই' তাই .. আসলে গাই গরুই তো দুধ দেয়' ..।

তাঁর লেখা সবচাইতে বিখ্যাত গান 'কলকাতার ভুল'। এই গানকে বিখ্যাত করে তুলেছিলেন নলিনীকান্ত সরকার। তিরিশের দশকের শেষদিকে একবার ইউনিভার্সিটি ইনস্টিটিউট হলে দিলীপকুমার রায়ের সংবর্ধনা সভায় নলিনীকান্ত গাইলেন এই গান - মরি হায় রে,/ কলকাতা কেবল ভুলে ভরা/... আমি মুর্গিহাটায় চুপ করে যাই/ কিনতে রামপাখি,/ দেখি সারি সারি স্টেশনারি/ আসল জিনিস ফাঁকি/...নাইকো হাতি নাইকো বাগান/ হাতিবাগান বলে, / বাদুড়বাগানেতে দেখি/ বাদুড় নাহি ঝোলে।'

সেদিন দর্শকাসনে ছিলেন রবীন্দ্রনাথ ঠাকুর ও শরৎচন্দ্র চট্টোপাধ্যায়। রবীন্দ্রনাথ নাকি ভূয়সী প্রশংসা করেছিলেন এই গানের। একবার দিলীপকুমার রায়ের আমন্ত্রণে থিয়েটার রোডে তাঁর মাতুলালয়ে গেছেন তিনি । সেখানে আসরেও গাইলেন 'কলকাতার ভুল'। গান শুনে শ্রোতাদের একজন বললেন, এই গানে থিয়েটার রোডের নাম নেই তো। তিনি সঙ্গে সঙ্গে গেয়ে উঠলেন - 'থিয়েটার রোডে যে দেখি/ থিয়েটার তো নাই হায়/ তবে থিয়েটারের সাধ মেটালো দিলীপকুমার রায়।' সাধে কি তাঁকে 'বাংলার শেষ কবিয়াল' বলে ডাকত লোকজন। চিনতে পারলেন এই মানুষটি কে?

আজকাল অনেকেরই শুনি জীবনকাহিনী নিয়ে সিনেমা হচ্ছে। বায়োপিক না কি যেন বলে ! এ ব্যাপারে পথিকৃৎ বোধহয় বাংলার শরৎচন্দ্র পন্ডিত, দাদাঠাকুর নামেই যিনি বিশেষ পরিচিত।

জীবদ্দশাতেই তাঁর জীবন নিয়ে

চলচ্চিত্র হয়েছে। অসাধারণ জনপ্রিয় সেই চলচ্চিত্রে অভিনয় করেছিলেন শ্রদ্ধেয় ছবি বিশ্বাস, গান গেয়েছিলেন বাংলা গানের জগতে কিংবদন্তি গায়ক হেমন্ত মুখোপাধ্যায়। এই চলচ্চিত্র মুক্তি পাওয়ার পরে দাদাঠাকুর সরস ভঙ্গিতে অভিনেতা ছবি বিশ্বাসকে বলেছিলেন;' ছবি, তুমি আমাকে জীবন্ত অবস্থায় ছবি বানিয়ে দিলে!'

বাংলা কবিতায় প্যালিন্ড্রম রচনায় দাদাঠাকুরের প্রতিভা তর্কাতীত। একটি পঙক্তির বাম দিকে থেকে এবং ডান দিক থেকে পড়লে একই শব্দ গঠিত হওয়াকে ইংরেজিতে প্যালিণ্ড্রম বলে। দাদাঠাকুরের রচনায় দেখা যায় , 'রাধা নাচে অচেনা ধারা/ রাজন্যগণ তরঙ্গরত নগন্য জরা/ কীলক সঙ্গ নয়নঙ্গ সকল কী?/ কীর্তন মঞ্চ পরে পঞ্চম নর্তকী'। এই পঙক্তিগুলি বামাবর্ত এবং দক্ষিণাবর্তে একই পাঠ হয়। অন্য একটি প্যালিনড্রম হল;'থাক রবি কবির কথা/ বিরহে রাধা নয়ন ধারা হেরবি।'

দাদাঠাকুরের অত্যন্ত স্নেহভাজন ও প্রিয় ব্যাক্তি ছিলেন সুভাষচন্দ্র বসু। কিন্তু দাদাঠাকুর সামনাসামনি এলেই সুভাষচন্দ্র খুব সজাগ থাকতেন। কারণ কোন কথার সূত্র ধরে দাদাঠাকুর যে কি রসিকতা করে বসবেন, তা বিলক্ষণ জানতেন সুভাষচন্দ্র বসু। একদিন দাদাঠাকুর সুভাষচন্দ্রকে বলেন, 'দেখো সুভাষ, আমার মনে হয় তুমিই বিদেশীদের তাড়াবে।' সুভাষচন্দ্র হেসে বলেন, 'কি করে বুঝলেন, দেশে আরো অনেক নেতাই আছেন।' দাদাঠাকুর বলেন, 'তা অবশ্য আছে .. তবে তোমার ঠোক্করটাই ইংরেজদের তাড়াবে। কারণ তোমার নামের প্রথমে 'সু' আবার শেষে 'সু' .. এই দুই জুতোর ধাক্কা ওরা সামলাতে পারবে না .. ওরা পালাবে।'

প্রিয় সুভাষের জন্মদিনে দাদাঠাকুর কৌশলে এক কবিতা লিখেছিলেন, যা আনন্দবাজার পত্রিকায় প্রকাশিত হয় ২৩-১-৪৬ তারিখে। এই কবিতায় একটা ব্যাপার পরিষ্কার যে গান্ধী দ্বারা সুভাষের বহিষ্কার বা বামেদের বেইমানি - কোনওটাই দাদাঠাকুর মেনে নিতে পারেননি। কবিতা -'মনের মানুষ অনেক পেয়েছি শুনেছি অনেক দেখেছি কত । মাতামাতি করি যা তা করিয়াছি গতানুগতিক লোকের মত ।। আজীবনকাল বাজী দেখাইল বাজীকর দল সাফাই হাতে । অসুস্থ করিল বসুমতী মায়ে অসুর স্বভাব চোর ডাকাতে ।। এ ভাতরভূমি শোভার আধার অভাব এদেশে ছিল না কিছু । বিষ ঢালি এতে শেষ করিবারে পাষণ্ড দল লাগিল পিছু ।। সুচতুর যত কুচক্রী-কপট সূচ হয়ে ঢুকে হইল ফাল। ইন্দ্রজালবলে চন্দ্রদেব সাজি কেন্দ্রমাঝে পশে রাহুর পাল ।। অবরুদ্ধ নর সব নিজগৃহে ধীবরের জালে যেমন মীন। অসুবিধা ভোগে বসুধা মাঝারে অসুখী মানব অধীন দীন ।।'

এবার কবিতার ২, ৮ ও ১৪ নম্বর অক্ষরকে উপর থেকে নিচে বরাবর লম্বালম্বি যোগ করে দেখুন, 'নেতাজী সুভাষচন্দ্র বসু' লেখাটি পাবেন। এখানে শুধু দশ লাইন আছে, সম্পূর্ণ কবিতাটি বত্রিশ লাইনের। যার যোগফল হয় - 'নেতাজী সুভাষচন্দ্র বসু জনম লভিল ধরায় আজি গঠন করিতে আজাদ হিন্দ'। (সম্পূর্ণ কবিতা পাইনি)

বাংলা ১২৮৮ বঙ্গাব্দের ১৩ই বৈশাখ (ইং ১৮৮১ সাল ২৭শে এপ্রিল) বীরভূম জেলার নলহাটী থানার শিমলান্দি গ্রামে মামারবাড়ীতে 'দাদাঠাকুরে'র জন্ম। তাঁর আসল নাম শরৎচন্দ্র পণ্ডিত। অবশ্য 'পণ্ডিত' তাঁর পূর্ব-পুরুষের পাওয়া উপাধি। কথাশিল্পী লেখক শরৎচন্দ্রের মতো তাঁরও পদবি হ'ল চট্টোপাধ্যায়। যদিও তাঁর পূর্বপুরুষের মতো তিনিও নামের শেষে 'পণ্ডিত' লিখতেন। পরবর্তী সময়ে এই শরৎচন্দ্র পণ্ডিত হয়ে উঠলেন সকলের প্রিয় 'দাদাঠাকুর'। দাদাঠাকুর ছিলেন আপাদমস্তক বাঙালি। তাঁর পরিবারের অভাব ছিল, অনটন ছিল। কিন্তু কখনও কারও কাছ থেকে সামান্য দান গ্রহণ করেননি। এমনকি শিক্ষিত হয়েও চাকরির প্রতি তার সামান্য আকর্ষণ ছিল না। এ বিষয়ে কাকা রসিকলালের উপদেশ মেনে চলতেন। রসিকলাল ভাইপো দাদাঠাকুরকে বলতেন 'It is better to starve than serve'. সুতরাং স্বাধীন কিছু করতে হবে এটাই ছিল দাদাঠাকুরের মানসিকতা। সকলকেই তিনি এই উপদেশ দিতেন। ইংরেজ সরকারের অধীনে চাকরি করাকে তিনি দাসত্ব বলে মনে করতেন। বাংলা ভাষার বিকৃতি তিনি কখনওই মেনে নিতে পারেননি। তাঁর রচনার অন্যতম প্রসাদগুণ হল প্রচলিত মাতৃভাষাকে অবিকল ব্যবহার করা। বাঙালী বাবুদের অকারণ ইংরেজিয়ানাকে তিনি তীক্ষ্ণ ভাবে আক্রমণ করেছেন। একটি গানে বলেছেন, 'বাজিয়ে বীণা নতুন তানে/ বর্দ্ধমান আজ বার্ডোয়ানে/ চুঁচুড়ার অদৃষ্টে ছিল

চিনসুরার সুরাতে ভাসা/ ভেবেছিল কেউ কি কবে/ মেদিনীপুর মিডনাপো হবে/ কাঁথির মাথায় লাথি মেরে কন্টাই-এ করবে কোণঠাসা। 'জঙ্গীপুর সংবাদ' নামে এক সাপ্তাহিক পত্রিকায় সবরকম অন্যায়কে আঘাত করতেন তিনি। তাঁর সম্পাদিত আরেকটি পত্রিকা ছিল 'বিদূষক';রঙ্গব্যঙ্গের ভাষায় সেখানেও সত্যকে প্রতিষ্ঠা করাই ছিল তাঁর লক্ষ্য। বোতলের আকারে এক একটি সঙ্কলন মাঝে মাঝে প্রকাশ করতেন, নাম ছিল 'বোতলপুরাণ'।

কাকার শেখানো পথে আজীবন জুতোই পরেননি কোনওদিন। স্কুলে গেছেন খালি পা, কলেজে গেছেন খালি পা, কলকাতায় থেকেছেন ঘুরেছেন খালি পা, দিল্লীতে গিয়েছিলেন তাও খালি পা। গায়ে একটা সাদা থান ধুতি ও সুতির চারদ, বগলে ছাতা - এই ছিল তাঁর চিরাচরিত পোষাক।

ডক্টর বিধান রায়ের মতই দাদাঠাকুর এমন একজন বাঙালি যার জন্ম মৃত্যু একই দিনে উ জন্মেছিলেন ১৮৮১ সালে ২৭শে এপ্রিল, মারাও গেলেন ঐ একই দিনে ১৯৬৮ সালে। বাংলার 'বিদূষক' দাদাঠাকুরকে আমাদের শ্রদ্ধাঘ্য। তথ্য সোমনাথ সিংহ-র লেখা,অদ্বিতীয় হাস্যরসিক দাদাঠাকুর - শতদল গোস্বামী; দাদাঠাকুর-নলিনীকান্ত সরকার; সেরা মানুষ দাদাঠাকুর - নির্মলরঞ্জন মিত্র, আনন্দবাজার (তাপস বন্দ্যোপাধ্যায়) আদৌ অধ্যাপক ওটেনকে প্রহার করেছিলেন? প্রদর্শিত গাড়িটি কি গৃহত্যাগের সঙ্গে যুক্ত ? নেতাজি ফাইলে স্পষ্ট এমিলি, অ্যানিটা নেতাজির কেউ নয় তবু কেন অপ্রচার ? বিমান দুর্ঘটনাই হয়নি তবু চিতাভস্মের গল্প কেন? রাশিয়ায় নেতাজি হত্যার কোনো প্রমাণ নেই তবু হইচই কেন? ফরমোজো থেকে ফৈজাবাদ;এত প্রমাণ তবু বারংবার মৃত্যু পরোয়োনা কেন? আজাদি অর্থসম্পদ লুঠ হল কেন? কেন প্রকাশ্যে এলেন না অখন্ড ভারতের প্রথম প্রধানমন্ত্রী?

নেতাজি নিয়ে এমন নানা বিভ্রান্তির উত্তর;নেতাজি গবেষক ডক্টর জয়ন্ত চৌধুরীর বই 'ক্ষমা করো সুভাষ ' স্বাধীনতার সূর্যসারথি বাংলার বড় আপনজন সুভাষ'কে সর্বভারতীয় স্তরে উপযুক্ত প্রাপ্য মর্যাদা দেওয়া হয়নি আজও। নেপথ্যে রয়েছে জাতীয় ও আন্তর্জাতিক রাজনীতি, প্রাদেশিকতা, আর্থিক লেনদেনের কলঙ্কময় গোপন রসায়ন। তার সৌরদীপ্ত দেশপ্রেম, পবিত্র চরিত্র আড়াল করতে নানা অপচেষ্টা।

এবং নানাস্তরে গভীর চক্রান্ত চলেছে দিনের পর দিন। এ ব্যাপারে সম্প্রতি পরিবর্তনের হাওয়া বইতে শুরু করেছে। নতুন প্রজন্ম যুক্তি, তর্কও তথ্যের আলয়ে নেতাজি সম্পর্কে সত্য জানতে এগিয়ে আসছে। তাদের সেই স্বপ্নপূরণের তাগিদে লেখকের এই নিবেদিত অর্ঘ্য নেতাজির প্রতি 'ক্ষমা করো সুভাষ।। সত্যের সূর্যস্নাত যে পথে সুভাষচন্দ্রকে খুঁজে পাবে আজ ও আগামী। চক্রবুহ্যে নেতাজী । লেখক বিশিষ্ট আইনজীবী ও জাস্টিস মুখার্জি কমিশনের সদস্য নেতাজী গবেষক শ্রী কেশব ভট্টাচার্য মহাশয় ।ভারত ইতিহাসের অসম্ভবের নায়ক এবং স্বয়ং ঈশ্বরের দূত হলেন শ্রী সুভাষচন্দ্র বসু..... নেতাজী নামক অগ্নিস্ফুলিঙ্গেটিকে ছাইচাপা দিতে তৎকালীন ইংরেজ সরকার থেকে ভারত সরকারের যে চেষ্টার কোনোরকম খামতি ছিল না এবং আজও নেই ।আর আজ সেই ঘৃণ্য পরিস্থিতিতে দাঁড়িয়ে অগ্নিপথের অশ্বারোহী নেতাজীকে নিয়ে বিশিষ্ট আইনজীবী ও জাস্টিস মুখার্জি কমিশনের সদস্য শ্রী কেশব ভট্টাচার্য মহাশয়ের এই বইটি পুরোপুরি ভাবেই সমর্থনযোগ্য এবং সার্থক । এটিকে বই না বলে একটি সম্পদ বলাই ভালো, বলে আমার মনে হয় । বইটি পড়ে আমার মনে একটি আশঙ্কা তৈরি হয়েছে, কারন বইটিতে তথ্যের ভিত্তিতে যা যা সত্য উপস্থাপন করা হয়েছে তাতে যে কোনও সময় ভারত সরকার এই বইটি নিষিদ্ধ করতে পারে।

তার সৌরদীপ্ত দেশপ্রেম, পবিত্র চরিত্র ও জীবনগাথাকে আড়াল করতে নানা অপচেষ্টা এবং নানাস্তরে গভীর চক্রান্ত চলেছে দিনের পর দিন। এ ব্যাপারে সম্প্রতি পরিবর্তনের হাওয়া বইতে শুরু করেছে। নতুন প্রজন্ম যুক্তি, তর্কও তথ্যের আলয়ে নেতাজি সম্পর্কে সত্য জানতে এগিয়ে আসছে। তাদের সেই স্বপ্নপূরণের তাগিদে লেখকের এই নিবেদিত অর্ঘ্য চক্রবুহ্যে নেতাজী । সত্যের সূর্যস্নাত যে পথে সুভাষচন্দ্রকে খুঁজে পাবে আজ ও আগামী।

সুভাষ চন্দ্র বোসকে দাদা ঠাকুর খুবই ভালোবাসতেন। দাতা ঠাকুরের সবচেয়ে বড় তেক্রা ছিলেন সুভা। চন্দ্র বোস। তখন তিনি নেতাজি হহনি। কলকাতার মেয়র ছিলেন। কলকাতার পুরসভার রাস্তা. দাঁড়িয়ে দাদাঠাকুর তাঁর পত্রিকা জঙ্গিপুর সংবাদ বিক্তির করতেন। আর সেই টাকা দিয়ে তিনি আবার পত্রিকা প্রকাশ করতেন। সুভাষ বোস বাংলার কবিদের খুবই সম্মান করতেন। তিনি রবীন্দ্রনাথ, নজরুল, দাদা ঠাকুরকে কবির সম্মান দিয়েছিলেন। ইংরেজরা দাদা ঠাকুরের কিছুই করতে পারতো না। কারণ তিনি বকলমে লিখতেন।

আড্ডাবাজ সুনীলের হাত দিয়ে পরিচ্ছন্ন লেখা প্রকাশ পেত তা নিঃসন্দেহে বলা যায়

বিশেষ প্রতিবেদক

প্রেসের পাওনা টাকা শোধ করতে হবে না, পরিবর্তে লিখে দিতে হবে একটা উপন্যাস। খুশি মনে সেই প্রস্তাব মেনে নিলেন সুনীল গঙ্গোপাধ্যায়। তাঁর নিজের কাছে কিছুটা গুরুত্বহীন ভাবে লেখা। ওই উপন্যাস নাকি কারও চোখে পড়ার সুনীল গঙ্গোপাধ্যায়কে প্রস্তাব দিলেন তিনি যদি পত্রিকার শারদীয় সংখ্যায় একটা উপন্যাস লিখে দেন তাহলে তাঁকে আর প্রেসের ঋণটা শোধ করতে হবে না। তবে লেখাটির জন্য তিনি কোনও পারিশ্রমিক পাবেন না। প্রস্তাবটা সুনীল গঙ্গোপাধ্যায়ের বেশ মনে

কথা নয়। কিন্তু চোখে পড়ল কিংবদন্তি চিত্রপরিচালক সত্যজিৎ রায়ের। তিনি তখন খ্যাতির মধ্যগগনে। একদিন সন্ধ্যাবেলা সুনীল গঙ্গোপাধ্যায়কে ফোন করে মানিকবাবু প্রস্তাব দিলেন তাঁর 'অরণ্যের দিনরাত্রি' উপন্যাস অবলম্বনে ছবি করবেন।

এর আগে সুনীল গঙ্গোপাধ্যায় মাত্র একটি উপন্যাস লিখেছেন 'দেশ' পত্রিকার সম্পাদক সাগরময় ঘোষ তাঁর কোনও কথা শুনতে না চেয়ে একপ্রকার জোর করেই তাঁকে দিয়ে শারদীয় সংখ্যার জন্য উপন্যাস লিখিয়ে নিয়েছিলেন। হয়ত 'দেশে' লেখা উপন্যাস সুনীলের জীবনে প্রথম ও শেষ উপন্যাস হতে পারত! নাটকীয় এক পরিস্থিতি তাঁর লেখক জীবনে একটি বাঁকের মুখে এনে ফেলে। 'কৃত্তিবাস' পত্রিকা ছাপতে প্রেসে পরপর দুটো সংখ্যার টাকা ধার জমে যায়। ছাপা হত জনপ্রিয় সিনেমা পত্রিকা 'জলসা'র প্রেস থেকে। পাওনা টাকার তাড়া দিতে দিতে 'জলসা'র মালিক একদিন ধরে। ভাবলেন এর থেকে ভাল প্রস্তাব আর কি বা হতে পারে।

উপন্যাসের প্লট নিয়ে সুনীল কিছুই ভাবেন নি, কিছুদিন আগেই চার বন্ধু, শক্তি, শরৎকুমার,ভাস্কর দত্ত আর সুনীল বেরিয়ে পড়েছিলেন এক অনির্দিষ্ট অভিযানে। সহযাত্রীদের পরামর্শে ট্রেন থেকে নেমে পড়েন ধলভূমগড়ে ।খুব নিরিবিলিতে কাটানোর জন্য আদর্শ এক স্থান,চার বন্ধু ঠিক করে নিলেন বাকি পৃথিবীর সাথে যোগাযোগ রাখবেন না। সুনীলের 'অরণ্যের দিনরাত্রি' উপন্যাসের এটাই আসল পটভূমি। সেই উপন্যাস অবলম্বনে সত্যজিৎ রায় সৃষ্টি করলেন অনবদ্য ছবি। ওই ছবিতে দেখা গিয়েছিল সৌমিত্র চট্টোপাধ্যায়, শুভেন্দু চট্টোপাধ্যায়, রবি ঘোষ, সমিত ভঞ্জ, শর্মিলা ঠাকুর,কাবেরী বসু থেকে সিমি গারেওয়ালকে। ১৯৭০ সালে মুক্তিপ্রাপ্ত 'অরণ্যের দিন রাত্রি' ২০তম বার্লিন আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে গোল্ডেন বিয়ার পুরস্কারের জন্য সেরা চলচ্চিত্র হিসেবে মনোনীত হয় শুধু নয় সাধারণ দর্শক থেকে চলচ্চিত্র সমালোচকদের থেকে মুক্ত কণ্ঠে প্রশংসা অর্জন করে।

অরণ্যের দিনরাত্রি'র পরে সুনীল গঙ্গোপাধ্যায়ের আরও একটি উপন্যাস লিখলেন একটি সিনেমার পত্রিকায়। নিজের বেকার জীবন ও বহু চাকরির ব্যর্থ ইন্টারভিউ দেওয়ার অভিজ্ঞতা নিয়ে রচিত 'প্রতিদ্বন্দ্বী'। এই উপন্যাসটিও মানিকবাবুর মনে ধরে যায়। তিনি এই উপন্যাস অবলম্বনে ছবি বানালেন 'প্রতিদ্বন্দ্বী'।

দেশ-বিদেশের বন্ধুরা সুনীলকে চিঠি লিখে বললেন 'রে'র ফিল্মে কাহিনীকার হিসেবে তাঁর নাম দেখেছেন। সুনীল কবে থেকে ঔপন্যাসিক হলেন! সুনীলের নিজের কাছেও এর উত্তর অজানা। তবে স্বনামে তো বটেই নীললোহিত ও উপন্যাসকার হয়ে উঠলেন। সুনীলের নিজের কথায় ; ইচ্ছে -অনিচ্ছের প্রশ্ন নেই,একটা ঘূর্ণিপাকে পড়ে আমি ভাসতে ভাসতে চলে এলাম গদ্যের জগতে।

আসলে সুনীল যে ভালো লিখতে পারতেন সেটা তিনি স্বয়ং একেবারে বিশ্বাস করতেন না। তাঁর বহু পাঠক তৈরি হয়েছিল। তিনি তাদেরকে হুজুগে বলে অ্যাখ্যা দিতেন। তিনি বলতেন পাঠকেরা আজকে যাকে ভলো মনে করছে তাকলে সেটা হঠাৎ করে ঘুরে যেতে পারে। সেই কারণে তিনি পাঠকদের ওপরে ভ—সা করতেন না। আবার পাঠকদের সঙ্গে তিনি মধুর ব্যবহার করতেন। তার ফলে তাঁর বই বাজার সৃষ্টি করে ফেলেছিল। একটি সময়ে দেখতে পাও.া গিয়েছিল বহ প্রকাশক সুনীলি গঙ্গোপাধ্যায় ছাড়া বই করতে ইচ্ছা প্রকাশ করছে না। সুনীলের বই প্রকাশ মানেবিত্রি। ঘরে লক্ষনী আসা। সেই কারণে ঘটনা করে সুনীলের নিমন্ত্রণ থাকতো নববর্ষের দিনে কলেজ স্ট্রিট পাড়ায়। তবে সেখানে যেতেন সবার আড়ালে। কেউ যেন তাঁকে দেখতে না পায়সেই দিকে তিনি বেশি নজর দিতেন। কফি হাউসে যেতেন। তবে বেশি ভিড় পচ্ছন্দ তিনি করতেন না। তবে আড্ডা বাজ ছিলেন।

বিশ্বখ্যাত জাদুকর পিসি সরকার

বিচিত্র জীবন ছিল ভদ্রলোকের। ট্রেনে চড়ে ঘুরতে যাচ্ছেন, গোটা ট্রেন ডিরেইল্ড হয়ে সোজা নদীতে। একমাত্র তাঁর কোচ ছাড়া। ভদ্রলোক নিজের জীবন বাজি রেখে উদ্ধার করলেন অনেককে। তারপরেই খেয়াল করলেন, আরেহ, নতুন যে উপন্যাসের পাণ্ডুলিপিটা লিখে নিজের কামরায় ফেলে এসেছেন সেটা নিয়ে আসতে হবে তো! সেই কামরাও জলে ডুবুডুবু। তিপ্পান্ন বছরের প্রৌঢ় সাহিত্যিক আবার জান হাতে নিয়ে কামরায় ঢুকে সেই পাণ্ডুলিপি উদ্ধার করে আনলেন। সবাই তাঁকে ঘিরে ধরল আনন্দে। ধন্য ধন্য করতে লাগল। তিনি একটাই অনুরোধ করলেন ক্ষ্মএই কথা আর কাউকে জানাবেন না প্লিজ। চাপে পড়ে যাব। আসলে হয়েছিল কী, তাঁর সঙ্গে সেই ট্রেন যাত্রায় তাঁর স্ত্রী না, সঙ্গী ছিলেন তাঁর রক্ষিতা। আর একবার বৌ জানতে পারলে... বহুদিন এই খবর চাপা থেকে থেকে শেষে জানাজানি হয়ে গেল। ১৮৪৯ সালের ঘটনা। আইল অব ওয়াইটের ছোট্ট শহর বনচার্চে ছোট ছোট ছেলেমেয়েদের জন্য এক চ্যারিটি অনুষ্ঠান হচ্ছে। একেবারে শেষের চমক 'ম্যাজিক'। সারা গায়ে হাতে পায়ে কালো কুচকুচে রঙ মেখে, মাথায় ঝলমলে পাগড়ি আর চকচকে জোব্বা পরে মঞ্চে এলেন জাদুকর রিয়া রামা-রুজ। তিনি নাকি বহু কাল হিমালয়ে থেকে জাদুবিদ্যা শিক্ষা করেছেন, যদিও তাঁর দেখানো জাদুর সব কটাই ছিল একশো শতাংশ পশ্চিমি। নিজের অজান্তেই এই জাদুকর ভদ্রলোক এক 'কাল্ট' তৈরি করলেন। ভারতীয় জাদুও যে মঞ্চে ভারতীয় সেজে দেখানো যায়, তা প্রথম হাতেকলমে দেখালেন তিনি। পরের সব জাদুকর, ফকির অব আভা, কালনাগ মায় পি সি সরকার; সবাই জেনে না জেনে তাঁর পথেই চলেছেন।

ঠাকুর পরমহংসের শিষ্য অভিনেতা গিরিশচন্দ্র

শঙ্করলাল কর্মকার, আইনজীবী

বিচিত্র জীবন ছিল ভদ্রলোকের। ট্রেনে চড়ে ঘুরতে যাচ্ছেন, গোটা ট্রেন ডিরেইল্ড হয়ে সোজা নদীতে। একমাত্র তাঁর কোচ ছাড়া। ভদ্রলোক নিজের জীবন বাজি রেখে উদ্ধার করলেন অনেককে। তারপরেই খেয়াল করলেন, আরে, নতুন যে উপন্যাসের পাণ্ডুলিপিটা লিখে নিজের কামরায় ফেলে এসেছেন সেটা নিয়ে আসতে হবে তো! সেই কামরাও জলে ডুবুডুবু। তিপ্পান্ন বছরের প্রৌঢ় সাহিত্যিক আবার জান হাতে নিয়ে কামরায় ঢুকে সেই পাণ্ডুলিপি উদ্ধার করে আনলেন। সবাই তাঁকে ঘিরে ধরল আনন্দে। ধন্য ধন্য করতে লাগল। তিনি একটাই অনুরোধ করলেন। এই কথা আর কাউকে জানাবেন না প্লিজ। চাপে পড়ে যাব।

আসলে হয়েছিল কী, তাঁর সঙ্গে সেই ট্রেন যাত্রায় তাঁর স্ত্রী না, সঙ্গী ছিলেন তাঁর রক্ষিতা। আর একবার বৌ জানতে পারলে... বহুদিন এই খবর চাপা থেকে থেকে শেষে জানাজানি হয়ে গেল।

১৮৪৯ সালের ঘটনা। আইল অব ওয়াইটের ছোট্ট শহর বনচার্চে ছোট ছোট ছেলেমেয়েদের জন্য এক চ্যারিটি অনুষ্ঠান হচ্ছে। একেবারে শেষের চমক 'ম্যাজিক'। সারা গায়ে হাতে পায়ে কালো কুচকুচে রঙ মেখে, মাথায় ঝলমলে পাগড়ি আর চকচকে জোব্বা পরে মঞ্চে এলেন জাদুকর রিয়া রামা-রুজ। তিনি নাকি বহু কাল হিমালয়ে থেকে জাদুবিদ্যা শিক্ষা করেছেন, যদিও তাঁর দেখানো জাদুর সব কটাই ছিল একশো শতাংশ পশ্চিমি। নিজের অজান্তেই এই জাদুকর ভদ্রলোক এক 'কাল্ট' তৈরি করলেন। ভারতীয় জাদুও যে মঞ্চে ভারতীয় সেজে দেখানো যায়, তা প্রথম হাতেকলমে দেখালেন তিনি। পরের সব জাদুকর, ফকির অব আভা, কালনাগ মায় পি সি সরকার; সবাই জেনে না জেনে তাঁর পথেই চলেছেন। ওই ভদ্রলোক কিন্তু জীবনে সেই একটি বারই মঞ্চে ম্যাজিক দেখান।

ডিকেন্স শব্দটা আগে ইংরাজি ভাষায় ছিল নাÐ The Merry Wives of Windsorনাটকে শেক্ষপীর সাহেব প্রথম "What the devil" "What the dickens ব্যবহার করেন। সোজা কথা এই পদবীর মানে শয়তান। শয়তানই বটে, তা না হলে জীবনের শেষ উপন্যাস, The Mystery of Edwin Drood– এ যেখানে রোজা বাডকে ভালবেসে এডউইন আচমকা একদিন নিরুদ্দেশ হয়ে গেলেন, ঠিক সেইখানে আপামর পাঠককে একেবারে ক্লিফহ্যাঙ্গারে ঝুলিয়ে তিনি চিরনিদ্রায় চলে যেতে পারলেন কি করে!!! তিনি চার্লস ডিকেন্স।

পঁচিশে বৈশাখের দুদিন আগে অনুষ্ঠানের চিন্তা

পঁচিশে বৈশাখের দুদিন আগে, রবিবার উৎসবের আয়োজন হল। সকাল দশটয় স্নান সেরে কালো রঙের জামা, কালো জুতো পরে বাইরে এসে বসলেন রবীন্দ্রনাথ। কাঠের বুদ্ধমূর্তির সামনে বসে একজন বৌদ্ধ স্তোত্র পাঠ করলেন। রবীন্দ্রনাথের পাঠে প্রাণবন্ত হয়ে উঠল ঈশোপনিষদের শ্লোক। সেইদিন দুপুরবেলাতেই লিখে ফেলেছিলেন 'জন্মদিন' নামে তিনটি কবিতা। স্মৃতিটুকু আটকা পড়ল শব্দের ফ্রেমে। বিকেলবেলায় দলে দলে এসে গেলেন পাহাড়ি নিমন্ত্রিত মানুষজন। বেজে উঠল সানাই। মংপুর পাহাড় ও উপত্যকা যেন নিজস্ব নিস্তব্ধতা ভেঙে উৎসবের আনন্দে সামিল হল। রবীন্দ্রনাথ তখন পরেছেন গেরুয়া রঙের জামা। মালা ও চন্দনে সেজে হুইল চেয়ারে বসে বাড়ির পথ ধরে যখন তাঁকে নিয়ে যাওয়া হচ্ছিল, তখন পাহাড়িরা মুগ্ধ হয়ে দেখেছিলেন সেই স্বর্গীয় সৌন্দর্য। প্রণত হয়ে ফুল দিচ্ছিলেন তাঁরাও। হয়তো তাঁদের সিংহভাগ মানুষ রবি ঠাকুরের লেখক সত্তার সঙ্গে পরিচিতই ছিলেন না।

মমতাসহ দুই বিধায়কের বিরুদ্ধে ৪৪ কোটির মানহানি নোটিশ রাজ্যপালের

দুরন্ত বার্তা প্রতিবেদন, ১২ ফেব্রুয়ারি ঃ পশ্চিমবঙ্গের রাজ্যপাল সি ভি আনন্দ বোস পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং তৃণমূল কংগ্রেসের দুই বিধায়ক সায়ন্তিকা ব্যানার্জি ও রেয়াত হোসেন সরকারকে ৪৪ কোটি টাকা মানহানি নোটিশ পাঠিয়েছেন। রাজ্যপালের এই পদক্ষেপটি দেশের রাজনীতিতে একটি নজিরবিহীন ঘটনা হয়ে দাঁড়িয়েছে, কারণ কোনও রাজ্যপাল এভাবে শাসক দলের বিধায়কদের বিরুদ্ধে মানহানির মামলা করেননি কখনো। এই বিতর্কের শুরু হয় সায়ন্তিকা ব্যানার্জি ও রেয়াত হোসেন সরকারকে তাদের শপথ গ্রহণ নিয়ে। অভিযোগ উঠেছে যে, তাদের শপথ গ্রহণ আইনগতভাবে অবৈধ ছিল এবং তা পশ্চিমবঙ্গের তৎকালীন রাজ্যপাল জগদীপ ধনখরের বিরুদ্ধে কটাক্ষ করে একটি ধর্না বা অবস্থান ধর্মঘট অনুষ্ঠিত হয়। রাজ্যপাল সি. ভি. আনন্দ বোস দাবি করেছেন যে, বিধায়করা শপথ গ্রহণের জন্য সাংবিধানিক প্রক্রিয়া অনুসরণ করেননি এবং রাজ্য বিধানসভার উপ-স্পীকারের নির্দেশে শপথ নেননি। তারা স্পীকারের হাতে শপথ গ্রহণ করেন, যা সংবিধান বিরোধী এবং রাজ্যপাল ও অন্যান্য সাংবিধানিক কর্তৃপক্ষের নির্দেশিকা লঙ্ঘন বলে দাবি করেছেন রাজ্যপাল। রাজ্যপাল সি. ভি. আনন্দ বোসের দাবি, সায়ন্তিকা ব্যানার্জি এবং রেয়াত হোসেন সরকারের শপথ গ্রহণে আইনগত বৈধতা ছিল না। তিনি বলেন, তারা উপ-স্পীকারের নির্দেশনা অমান্য করে স্পীকারের হাতে শপথ গ্রহণ করেছিলেন, যা সংবিধান এবং বিধানসভা কার্যপদ্ধতির বিরুদ্ধে। রাজ্যপাল মনে করেন, এই পদক্ষেপটি শুধু সাংবিধানিক কর্তৃপক্ষের প্রতি অবজ্ঞা নয়, বরং রাজ্যপাল জগদীপ ধনখরের বিরুদ্ধে কুৎসা রটানোর একটি ষড়যন্ত্র। তিনি এই সিদ্ধান্তে পৌঁছেছেন যে, এটি তাঁর সম্মানকে ক্ষুণ্ণ করেছে এবং এর ফলস্বরূপ তিনি তাদের বিরুদ্ধে মানহানি মামলা করতে বাধ্য হয়েছেন। এছাড়াও, রাজ্যপালের দাবি, এই শপথ গ্রহণের সময় যে আন্দোলন

বা অবস্থান ধর্মঘট সংগঠিত হয়েছিল, তা একজন রাজ্যপাল হিসেবে তাঁর মর্যাদাকে আঘাত করেছে এবং এটি দেশের সংবিধানিক ব্যবস্থা এবং রাজ্যপালের পদকে অসম্মানিত করেছে। সেই কারণে, রাজ্যপাল প্রাথমিকভাবে ৪৪ কোটি টাকা ক্ষতিপূরণের দাবী করেছেন। রাজ্যপাল সি. ভি. আনন্দ বোস তৃণমূল কংগ্রেসের এই দুই বিধায়ক এবং মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে মোট ৪৪ কোটি টাকা ক্ষতিপূরণ দাবি করেছেন। তিনি বলেছেন, মুখ্যমন্ত্রী এবং দুই বিধায়কের এই অবৈধ কার্যকলাপের কারণে তার ব্যক্তিগত সম্মান এবং রাজ্যপাল হিসেবে তার মর্যাদা ক্ষুণ্ণ হয়েছে। এর মধ্যে সায়ন্তিকা ব্যানার্জি ও রেয়াত হোসেন সরকারের বিরুদ্ধে ২২ কোটি টাকা এবং মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে ২২ কোটি টাকা ক্ষতিপূরণ দাবী করা হয়েছে। এছাড়া, রাজ্যপাল এই দাবি করেছেন যে, তার বিরুদ্ধে যে ধরনের আপত্তিকর মন্তব্য করা হয়েছে, তা দেশের সর্বোচ্চ শাসক সংস্থার প্রতি অসম্মান এবং এটি রাজ্যপালের চেয়েও আরও গুরুতর কিছু। রাজ্যপালের এই পদক্ষেপ একদিকে যেমন রাজনৈতিক অস্থিরতা বাড়িয়ে তুলতে পারে, তেমনি এটি রাজ্য সরকারের ও রাজ্যপালের মধ্যে সম্পর্কের টানাপোড়েন আরও বাড়াবে। রাজ্য সরকারের পক্ষ থেকে এখনও কোনও স্পষ্ট প্রতিক্রিয়া জানানো হয়নি। তবে তৃণমূল কংগ্রেসের একাধিক নেতা অভিযোগ করেছেন যে রাজ্যপাল রাজনীতি করছেন এবং শাসক দলের বিরুদ্ধে ষড়যন্ত্র করতে চাইছেন। তারা বলেছেন, রাজ্যপালের এই পদক্ষেপ রাজনীতির বাইরে এবং এটি একেবারে অপ্রত্যাশিত। তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে দাবি করা হয়েছে, রাজ্যপাল অপ্রাসঙ্গিক বিষয় নিয়ে অহেতুক বিতর্ক তৈরি করছেন, যা রাজ্যের শান্তি এবং উন্নয়নকে ব্যাহত করতে পারে। এই ঘটনাটি রাজ্য রাজনীতিতে এক বড় ঘটনা হিসেবে দেখা হচ্ছে। রাজ্যপাল এবং রাজ্য সরকারের মধ্যে বিরোধ দীর্ঘদিন ধরেই চলছিল, তবে এবারের এই মানহানি মামলা তা আরও তীব্র করতে পারে। বিশেষজ্ঞরা মনে করছেন, রাজ্যপাল এই পদক্ষেপের মাধ্যমে রাজ্য সরকারের প্রতি একটি কঠোর বার্তা দিতে চেয়েছেন, যা আগামী দিনে রাজ্যপাল এবং রাজ্য সরকারের সম্পর্ককে আরও জটিল করে তুলবে। এই বিতর্ক রাজ্যপাল এবং তৃণমূল কংগ্রেসের মধ্যে রাজনৈতিক উত্তেজনা আরও বাড়াতে পারে এবং পশ্চিমবঙ্গের রাজনৈতিক চিত্রে একটি নতুন মোড় নিতে পারে।

ক্লাস চলাকালীন প্রাথমিক বিদ্যালয়ে আগুন! স্থানীয়দের তৎপরতায় নিয়ন্ত্রণে

গোপাল বিশ্বাস, নদীয়া, ১২ ফেব্রুয়ারি ঃ ক্লাস চলাকালীন প্রাথমিক বিদ্যালয়ে আগুন লাগার ঘটনাকে কেন্দ্র করে রিতীমত চাঞ্চল্য ছড়ায় এলাকায়। স্থানীয়দের তৎপরতায় নিয়ন্ত্রণে আসে আগুন। আতঙ্ক স্কুল পড়ুয়া থেকে

স্থানীয়দের একাংশ। বুধবার এমনই চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে নদীয়ার নবদ্বীপ থানার অন্তর্ভুক্ত চড় মানিক নগর এলাকার ঢালির চড়া প্রাথমিক বিদ্যালয়ে। খবর পেয়ে ঘটনাস্থলে যায় নবদ্বীপ থানার পুলিশ, স্থানীয় সুত্রে জানা যায় আনুমানিক দু-শো পড়ুয়া ও পাঁচজন শিক্ষক নিয়ে চলে এই স্কুল। অন্যান্য দিনের মতো এদিনও স্কুল শুরু হয় ও মিড ডে মিলের জন্য রান্না শুরু হয়, রান্না শুরুর কিছু সময় পরেই গ্যাস থেকে কোন কারন বসত আগুন লেগে যায়, আগুন লাগার ঘটনা চাউর হতেই আতংকিত হয়ে পড়ে পড়ুয়ারা, সাথে শুরু হয় চিৎকার, বিদ্যালয়ে এহেন ঘটনা জানতে পেরে ছুটে আসে স্থানীয়রা, তাদের প্রচেষ্ঠাতেই নিয়ন্ত্রণে আসে আগুন, পাশাপাশি বিদ্যালয়ের দোতালায় আটকে পড়া স্কুল পড়ুয়াদেরও উদ্ধার করে স্থানীয়রাই। যদিও ঘটনায় হতাহতের কোন খবর নেই। খবর পেয়ে ঘটনাস্থলে যায় নবদ্বীপ থানার পুলিশ, পুলিশ ঘটনাস্থলে গেলে কার্যত ক্ষোভে ফেটে পরে স্থানীয়রা। বিদ্যালয়ের পঠন- পাঠন থেকে শুরু করে এদিনের দূর্ঘটনার কারন নিয়েই মূলতঃ স্থানীয়দের ক্ষোভ। স্থানীয়রা জানান এই বিদ্যালয়ে মিড ডে মিলের রান্নার জন্য বাইরে আলাদা ঘর আছে, কিন্তু সেই ঘরের পরিস্থিতি খুবই খারাপ, যে কোন সময় ঘটতে পারে দূর্ঘটনা, আর সে কারনেই মিড ডে মিলের রান্না হয় বিদ্যালয়ের সিঁড়ির নিচে, আজও সেখানেই হচ্ছিল রান্না, তাদের দাবী এদিন স্থানীয়রা সময়মতো ছুটে না এলে হয়তো ঘটতেও পারতো বড়সড় দুর্ঘটনা, এদিকে কতৃপক্ষের কোন হুঁশ নেই,। তারা জানায় অনেক বড় বিপদে হাত থেকে আজ রক্ষা পেল বিদ্যালয়ের প্রায় দু আড়াইশো পড়ুয়া। অবিলম্বে মিড ডে মিল রান্নার স্থান পরিবর্তন করতে হবে এই দাবি তুলে রীতিমতো ক্ষোভে ফেটে পরেন এলাকাবাসী, পরে পুলিশের আশ্বাসে পরিস্থিতি শান্ত হয়।

নাবালিকা অপহরনের তদন্তে নেমে আন্ত ঃরাজ্য মানব পাচার চক্রের দুই মূল মাথাকে প্রেপ্তার করলো পূর্ব বর্ধমান জেলা পুলিশ

